সংকল্প ও স্বদেশ

Almuson



14.2 70

3403

मःकण्य ७ स्तान

রবীন্দ্রনাথ ঠাকুর





বিশ্বভারতী গ্রন্থনবিভাগ কলিকাতা প্রথম প্রকাশ: কাব্যগ্রন্থ: ১৩১০

দ্বিতীয় সংস্করণ: 'স্বদেশ' নামে: ১৩১২

তৃতীয় সংস্করণ: ১৩৩৫

পুনব্মুদ্রণ: ১৩৪৫

চতুর্থ সংস্করণ : মাঘ ১৩৪৯

পুনর্ম্রণ: ১৩৫১, ১৩৫২, ১৩৬৫, ১৩৬৭, ১৩৬৮

2062, 2093, 2092, 2090, 2098, 2098

পৌৰ ১৩৭৬: ১৮৯১ শক

R.T., West bengal 20 - | -86 No 3403

© বিশ্বভারতী ১৯৬৯

প্রকাশক বিশ্বভারতী গ্রন্থনবিভাগ ৫ দারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মূদ্ৰক শ্ৰীত্ৰিদিবেশ বস্থ কে. পি. বস্থ প্ৰিন্টিং ওআৰ্ক্ দ্ ১১ মহেন্দ্ৰ গোস্বামী লেন। কলিকাতা ৬

সূচীপত্র সংকল্প

সেদিন কি তুমি এসেছিলে ওগো	٥
ভৈরবী গান	>>
এবার ফিরাও মোরে	36
বিদায়	22
অশেষ	28
সকলে আমার কাছে যত কিছু চায়	- 22
আঘাতসংঘাত-মাঝে দাঁড়াইন্থ আসি	0.
হে রাজেন্দ্র, তোমা-কাছে	0)
তুমি সর্বাশ্রয়, এ কি ভগু শৃত্য কথা	७२
আমারে স্থজন করি যে মহাদশ্মান	৩৩
তুমি মোরে অপিয়াছ যত অধিকার	৩৪
ত্রাসে লাজে নতশিরে নিত্য নিরবধি	७०
তোমার ভায়ের দণ্ড প্রত্যেকের করে	৩৬
অামি ভালোবাসি, দেব, এই বাঙালার	99
এ নদীর কলধ্বনি যেথায় বাজে না	96-
আমার সকল অঙ্গে তোমার পরশ	sə
অচিন্ত্য এ ব্রন্ধাণ্ডের লোকলোকান্তরে	6 .
না গণি মনের ক্ষতি ধনের ক্ষতিতে	85
তাঁরি হস্ত হতে নিয়ো তব হঃখভার	82
মৃক্ত করো, মৃক্ত করো নিন্দাপ্রশংসার	80
বাসনারে থর্ব করি দাও হে প্রাণেশ	0.0

শক্তি মোর অতি অল্প হে দীনবংসল	82
মাঝে মাঝে কভূ ষবে অবসাদ আসি	86
তব কাছে এই মোর শেষ নিবেদন	89
স্থদেশ	7
হে বিশ্বদেব, মোর কাছে তুমি	82
আশা	62
বঙ্গন্মী	65
শ্বৎ	68
মাতার আহ্বান	69
जिक्नाग्रार देनव ह	63
স্বেহগ্রাস	৬০
বন্ধমাতা	७५
ছই উপমা	७२
অভিমান	40
প্রবেশ	৬৪
ত্রন্ত আশা	७७
नववर्धत भान	৬৮
দে যে আমার জননী রে	90
জগদীশচন্দ্র বস্থ	95
ভারতলন্দ্রী	92
জगमीगठमं वस	90
তপোৰন	90
প্রাচীন ভারত	95


স্চীপত্ৰ

এ হুর্ভাগ্য দেশ হতে হে মন্ত্রময়	99
অন্ধকার গর্তে থাকে অন্ধ সরীস্থপ	96
তোমারে শতধা করি কৃত্র করি দিয়া	92
ত্র্গম পথের প্রান্তে পাস্থশালা-'পরে	₽0
হে সকল ঈশ্বরের পরম-ঈশ্বর	67
তাঁহারা দেখিয়াছেন, বিশ্বচরাচর	45
আমরা কোথায় আছি, কোথায় স্থদ্রে	b-0
একদা এ ভারতের কোন্ বনতলে	₽8
এ মৃত্যু ছেদিতে হবে, এই ভয়জান	64
তব চরণের আশা, ওগো মহারাজ	69
পতিত ভারতে তুমি কোন্ জাগরণে	৮৭
শতান্দীর স্থ্য আজি রক্তমেঘ-মাঝে	pp
স্বার্থের সমাপ্তি অপঘাতে। অকশ্বাৎ	وم
এই পশ্চিমের কোণে রক্তরাগরেথা	5.
সে পরম পরিপূর্ণ প্রভাতের লাগি	52
সে উদার প্রত্যুবের প্রথম অরুণ	25
ওরে মৌনমূক, কেন আছিদ নীরবে	२७
চিত্ত যেথা ভয়শ্তা, উষ্ঠ যেথা শির	98
শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন	36
কোরো না, কোরো না লজ্জা	29
হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি	29
হে ভারত, তব শিক্ষা দিয়েছে যে ধন	विक
অন্তরের দে সম্পদ ফেলেছি হারায়ে	66
हिंगांनग्र	300

স্ফীপত্র

ক্ষান্তি		202
শिनानिशि -		205
र् तरंगोती		200
তপোমৃতি		2 . 8
স ঞ্চিত্ৰাণী		200
যাত্রাসংগীত		306
প্রার্থনা		202
আমরা মিলেছি আজ মায়ের ডাকে		222
একবার তোরা 'মা' বলিয়া ডাক্	4	225
জননীর দারে আজি ওই		220
নববর্ষের দীক্ষা		558

সংকল্প ও স্বদেশ



সেদিন কি তুমি এসেছিলে ওগো, সে কি তুমি, মোর সভাতে।
হাতে ছিল তব বাঁশি,
অধরে অবাক হাসি,
সেদিন ফাগুন মেতে উঠেছিল মদিরবিকল শোভাতে।
সে কি তুমি ওগো, তুমি এসেছিলে সেদিন নবীন প্রভাতে
নবযৌবনসভাতে।

সেদিন আমার যত কাজ ছিল সব কাজ তুমি ভুলালে।
থেলিলে সে কোন্ খেলা,
কোখা কেটে গেল বেলা।
টেউ দিয়ে দিয়ে হৃদয়ে আমার রক্তকমল ছলালে।
পুলকিত মোর পরানে তোমার বিলোল নয়ন বুলালে,
সব কাজ মোর ভুলালে।

তার পরে হায় জানি নে কখন ঘুম এল মোর নয়নে।
উঠিমু যখন জেগে,
ঢেকেছে গগন মেঘে—
তরুতলে আছি একেলা পড়িয়া দলিতপত্রশয়নে।
তোমাতে আমাতে রত ছিমু যবে কাননে কুসুমচয়নে
ঘুম এল মোর নয়নে।

সেদিনের সভা ভেঙে গেছে সব আজি ঝরঝর বাদরে। পথে লোক নাহি আর, রুদ্ধ করেছি দ্বার,

একা আছে প্রাণ ভূতলশয়ান আজিকার ভরা ভাদরে।
তুমি কি হুয়ারে আঘাত করিলে— তোমারে লব কি আদরে
আজি ঝরঝর বাদরে।

তুমি যে এসেছ ভস্মমলিন তাপসমূরতি ধরিয়া।
স্থিমিত নয়নতারা
ঝলিছে অনল-পারা,
সিক্ত তোমার জটাজ্ট হতে সলিল পড়িছে ঝরিয়া।
বাহির হইতে ঝড়ের আধার আনিয়াছ সাথে করিয়া
ভাপসমূরতি ধরিয়া।

নমি হে ভীষণ, মৌন, রিক্ত, এসো মোর ভাঙা আলয়ে ।
ললাটে তিলকরেখা
থেন সে বহ্নিলেখা,
হস্তে তোমার লোহদণ্ড বাজিছে লোহবলয়ে।
শৃস্য ফিরিয়া যেয়ো না, অভিথি, সব ধন মোর না লয়ে।
এসো এসো ভাঙা আলয়ে।

ভৈরবী গান

গুণো কে তুমি বসিয়া উদাসমূরতি
বিষাদশাস্ত শোভাতে।
ওই ভৈরবী আর গেয়ো নাকো এই
প্রভাতে।
মোর গৃহছাড়া এই পথিকপরান
ভরুণহৃদয় লোভাতে।

ওই মন-উদাসীন, ওই আশাহীন
ওই ভাষাহীন কাকলি
দেয় ব্যাকুল প্রশে সকল জীবন
বিকলি।
দেয় চরণে বাঁধিয়া প্রেমবাহু-ঘেরা
অশ্রুকোমল শিকলি।
হায় মিছে মনে হয় জীবনের ব্রত,

যারে ফেলিয়া এসেছি, মনে করি, তারে
ফরে দেখে আসি শেষবার—
ভই কাঁদিছে সে যেন এলায়ে আকুল
কেশভার।

যারা গৃহছায়ে বসি সজলনয়ন মুখ মনে পড়ে সে-সবার।

সেই সারা দিনমান স্থনিভূত ছায়া, তরুমর্মর পবনে,

সেই মুকুল-আকুল বকুলকুঞ্জ-ভবনে

সেই কুহুকুহরিত বিরহরোদন থেকে থেকে পশে শ্রবণে।

সেই চিরকলতান উদার গঙ্গা বহিছে আঁধারে আলোকে,

সেই তীরে চিরদিন খেলিছে বালিকা-বালকে।

ধীরে সারা দেহ যেন মুদিয়া আসিছে স্বপ্নপাথির পালকে।

সদা করুণ কণ্ঠে কাঁদিয়া গাহিব—

"হল না, কিছুই হবে না,
এই মায়াময় ভবে চিরদিন কিছু

রবে না।

কেহ জীবনের যত গুরুভার ব্রত ধূলি হতে তুলি লবে না।

এই সংশয়-মাঝে কোন্ পথে যাই, কার তরে মরি খাটিয়া,

আমি কার মিছে ছথে মরিতেছি বৃক ফাটিয়া।

ভবে সত্য মিথ্যা কে করেছে ভাগ. কে রেখেছে মত আঁটিয়া।

যদি কাজ নিতে হয় কত কাজ আছে, একা কি পারিব করিতে।

কাঁদে শিশিরবিন্দু জগতের তৃষা হরিতে।

কেন অকূল সাগরে জীবন সঁপিব একেলা জীর্ণ ভরীতে।

শেষে দেখিব, পড়িল সুখযৌবন
ফুলের মতন খদিয়া—
হায় বসন্তবায় মিছে চলে গেল
শ্বসিয়া।

সেই যেখানে জগৎ ছিল এক কালে
সেইখানে আছে বসিয়া।"

ওগো, থামো, যারে তুমি বিদায় দিয়েছ
তারে আর ফিরে চেয়ো না।
ওই অশ্রুসজল ভৈরবী আর
গেয়ো না।
আজি প্রথম প্রভাতে চলিবার পথ
নয়নবাম্পে ছেয়ো না।

ওই কুহকরাগিণী এখনি কেন গো পথিকের প্রাণ বিবশে। পথে এখনো উঠিবে প্রখর তপন দিবসে। পথে রাক্ষমী সেই তিমিররজনী না জানি কোথায় নিবসে।

থামো, শুধু একবার ডাকি নাম তাঁর নবীন জীবন ভরিয়া যাব যাঁর বল পেয়ে সংসারপথ ভরিয়া, যত মানবের গুরু মহৎ-জনের চরণচিহ্ন ধরিয়া।

সদা সহিয়া চলিব প্রখর দহন,
নিঠুর আঘাত চরণে।
যাব আজীবন কাল পাষাণকঠিন
সরণে।

যদি মৃত্যুর মাঝে নিয়ে যায় পথ সুখ আছে সেই মরণে।

এবার ফিরাও মোরে

সংসারে সবাই যবে সারাক্ষণ শত কর্মে রত তুই শুধু ছিন্নবাধা পলাতক বালকের মতো মধ্যাকে মাঠের মাঝে একাকী বিষণ্ণ তরুচ্ছায়ে দূরবনগন্ধবহ মন্দগতি ক্লান্ত তপ্তবায়ে সারাদিন বাজাইলি বাঁশি।—ওরে, তুই ওঠ আজি। আগন্তন লেগেছে কোথা। কার শঙ্ম উঠিয়াছে বাঞ্জি জাগাতে জগৎ-জনে। কোথা হতে ধ্বনিছে ক্রন্দনে শৃ্যতল। কোন্ অন্ধকারা-মাঝে জর্জর বন্ধনে অনাথিনী মাগিছে সহায়। স্ফীতকায় অপমান অক্ষমের বক্ষ হতে রক্ত শুষি করিতেছে পান লক্ষ মুখ দিয়া। বেদনারে করিতেছে পরিহাস স্বার্থোদ্ধত অবিচার। সংকুচিত ভীত ক্রীতদাস লুকাইছে ছদ্মবেশে। ওই-যে দাঁড়ায়ে নতশির মূক সবে— মানমুথে লেখা শুধু শত শতাব্দীর বেদনার করুণ কাহিনী; স্বন্ধে যত চাপে,ভার বহি চলে মন্দগতি যতক্ষণ থাকে প্রাণ ভার, তার পরে সন্তানেরে দিয়ে যায় বংশ বংশ ধরি: নাহি ভৎসে অদৃষ্টেরে, নাাহ নিন্দে দেবতারে স্মরি, মানবেরে নাহি দেয় দোব, নাহি জানে অভিমান, শুধু ছটি অন্ন খুঁটি কোনোমতে কষ্টক্লিষ্ট প্ৰাণ

রেথে দেয় বাঁচাইয়া। সে অন্ন যথন কেহ কাড়ে, সে প্রাণে আঘাত দেয় গর্বান্ধ নিষ্ঠুর অত্যাচারে, নাহি জানে কার দারে দাঁড়াইবে বিচারের আশে; দ্রিজের ভগবানে বারেক ডাকিয়া দীর্ঘখাসে মরে সে নীরবে। এইসব মূঢ় ফ্লান মৃক মুখে দিতে হবে ভাষা ; এইসব প্রান্ত শুদ্দ ভগ্ন বুকে ধ্বনিয়া তালতে হবে আশা ; ডাকিয়া বলিতে হবে— "মুহূর্ত তুলিয়া শির একত্র দাঁড়াও দেখি সবে। যার ভয়ে তুমি ভীত সে অগ্রায় ভীরু তোমা চেয়ে, যখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধেয়ে; যথনি দাঁড়াবে ত্রাম সম্মুখে তাহার, তথনি সে পথকুরুরের মতো সংকোচে সত্রাসে যাবে মিশে; দেবতা বিমুখ তারে, কেহ নাহি সহায় ভাহার ; মুখে করে আফালন, জানে সে হীনতা আপনার মনে মনে।"

কবি, তবে উঠে এসো— যদি থাকে প্রাণ তবে তাই লহো সাথে, তবে তাই করো আজি দান। বড়ো তুঃখ, বড়ো ব্যথা; সম্মুখেতে কপ্টের সংসার বড়োই দরিদ্র, শৃত্য, বড়ো কুদ্র, বদ্ধ, অন্ধকার। অন্ন চাই. প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত বায়ু, চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ-উজ্জ্বল প্রমায়ু, সাহসবিস্তৃত বক্ষপট। এ দৈন্য-মাঝারে কবি, একবার নিয়ে এসো স্বর্গ হতে বিশ্বাসের ছবি।

এবার ফিরাও মোরে, লয়ে যাও সংসারের তীরে হে কল্পনে, রঙ্গময়ী। ছলায়ো না সমীরে সমীরে তরঙ্গে তরঙ্গে আর, ভুলায়ো না মোহিনী মায়ায়। বিজন বিষাদঘন অন্তরের নিকুঞ্জচ্ছায়ায় द्वारथा ना वमारा जात । पिन यांग्र, मक्ता राग्न जारम । অন্ধকারে ঢাকে দিশি নিরাশ্বাস উদাস বাতাসে নিশ্বসিয়া কেঁদে ওঠে বন। বাহিরিকু হেথা হতে উন্মুক্ত-অম্বর-তলে, ধূসরপ্রসর রাজপথে, জনতার মাঝখানে। কোথা যাও, পান্থ, কোথা যাও। আমি নহি পরিচিত, মোর পানে ফিরিয়া তাকাও। বলো মোরে নাম তব, আমারে কোরো না অবিশ্বাস। সৃষ্টিছাড়া সৃষ্টিমাঝে বহুকাল করিয়াছি বাস সঙ্গিহীন রাত্রিদিন ; তাই মোর অপরূপ বেশ, আচার নৃতনতর; তাই মোর চক্ষে স্বপ্নাবেশ, বক্ষে জ্বলে ক্লুধানল।— যেদিন জগতে চলে আসি ; কোন্মা আমারে দিলি শুধু এই খেলাবার বাঁশি। বাজাতে বাজাতে তাই মুগ্ধ হয়ে আপনার স্থুৱে দীর্ঘদিন দীর্ঘরাত্রি চলে গেন্থ একান্ত স্থুদূরে ছাড়ায়ে সংসারসীমা। সে বাঁশিতে শিখেছি যে স্থুর

তাহারি উল্লাসে যদি গীতশূন্য অবসাদপুর
ধ্বনিয়া তুলিতে পারি, মৃতৃঞ্জয়ী আশার সংগীতে
কর্মহীন জীবনের এক প্রান্ত পারি তরঙ্গিতে
শুধু মুহূর্তের তরে, ছঃখ যদি পায় তার ভাষা,
স্থপ্তি হতে জেগে ওঠে অন্তরের গভীর পিপাসা
স্বর্গের অমৃত লাগি — তবে ধন্য হবে মোর গান,
শত শত অসন্তোষ মহাগীতে লভিবে নির্বাণ।

কী গাহিবে, কী শুনাবে। বলো, মিথ্যা আপনার সুখ, মিথ্যা আপনার হঃখ। স্বার্থমগ্ন যে জন বিমুখ বৃহৎ জগৎ হতে, দে কখনো শেখে নি বাঁচিতে। মহাবিশ্বজীবনের তরঙ্গেতে নাচিতে নাচিতে নির্ভয়ে ছুটিতে হবে সত্যেরে করিয়া গ্রুবতারা। মৃত্যুরে করি না শঙ্কা। ছর্দিনের অশ্রুজলধারা মস্তকে পড়িবে ঝরি, তারি মাঝে যাব অভিসারে তার কাছে জীবনসর্বস্বধন অপিয়াছি যারে— জন্ম জন্ম ধরি। কে সে। জানি না কে। চিনি নাই তারে— শুধু এইটুকু জানি, তারি লাগি রাত্রি-অন্ধকারে চলেছে মানবযাত্রী যুগ হতে যুগান্তর-পানে ঝডঝঞ্চা-বজ্রপাতে জালায়ে ধরিয়া সাবধানে অন্তরপ্রদীপথানি। শুধু জানি, যে শুনেছে কানে তাহার আহ্বানগীত ছুটেছে সে নির্ভীকপরানে

সংকট-আবর্ত-মাঝে, দিয়েছে সে বিশ্ব বিসর্জন, নির্যাতন লয়েছে সে বক্ষ পাতি, মৃত্যুর গর্জন শুনেছে সে সংগীতের মতো। দহিয়াছে অগ্নি তারে, বিদ্ধ করিয়াছে শূল, ছিন্ন তারে করেছে কুঠারে, সর্বপ্রিয়বস্তু তার অকাতরে করিয়া ইন্ধন চিরজন্ম তারি লাগি জেলেছে সে হোমহুতাশন— হ্রৎপিও করিয়া ছিন্ন রক্তপদ্ম-অর্ঘ্য-উপহারে ভক্তিভরে জন্মশোধ শেষ পূজা পূজিয়াছে তারে মরণে কৃতার্থ করি প্রাণ। শুনিয়াছি, তারি লাগি রাজপুত্র পরিয়াছে ছিন্ন কন্থা, বিষয়ে বিরাগী পথের ভিক্তুক ; মহাপ্রাণ সহিয়াছে পলে পলে সংসারের ক্ষুত্র উৎপীড়ন— বি'ধিয়াছে পদতলে প্রত্যহের কুশাস্কুর, করিয়াছে তারে অবিশ্বাস মৃঢ় বিজ্ঞজনে, প্রিয়জন করিয়াছে পরিহাস অতিপরিচিত অবজ্ঞায়; গেছে সে করিয়া ক্ষমা নীরবে করুণনেত্রে, অন্তরে বহিয়া নিরুপমা সৌন্দর্যপ্রতিমা। তারি পদে মানী সঁপিয়াছে মান, ধনী সঁপিয়াছে ধন, বীর সঁপিয়াছে আত্মপ্রাণ, তাহারি উদ্দেশে কবি বিরচিয়া লক্ষ লক্ষ গান ছড়াইছে দেশে দেশে। শুধু জানি, তাহারি মহান্ গন্তীর মঙ্গলধ্বনি শুনা যায় সমুদ্রে সমীরে। তাহারি অঞ্চলপ্রান্ত লুটাইছে নীলাম্বর ঘিরে;

তারি বিশ্ববিজয়িনী পরিপূর্ণা প্রেমমূর্তিখানি বিকাশে পরমক্ষণে প্রিয়জনমুথে। শুধু জানি, সে বিশ্বপ্রিয়ার প্রেমে ফুড্রতারে দিয়া বলিদান বর্জিতে হইবে দূরে জীবনের সর্ব অসম্মান ; সম্মুখে দাঁড়াতে হবে উন্নতমস্তক উচ্চে তুলি যে মস্তকে ভয় লেখে নাই লেখা, দাসত্বের ধূলি আঁকে নাই কলম্বভিলক। তাহারে অন্তরে রাখি জীবনকন্টকপথে যেতে হবে নীরবে একাকী র্মুথে তুঃথৈ ধৈর্য ধরি, বিরলে মুছিয়া অঞ জাখি, প্রতি দিবসের কর্মে প্রতিদিন নিরলস থাকি সুখী করি সর্বজনে। ভার পরে দীর্ঘ পথশেষে জীবযাত্রা-অবসানে ক্লান্তপদে রক্তসিক্তবেশে উত্তরিব একদিন শ্রান্তিহরা শান্তির উদ্দেশে তুঃখহীন নিকেতনে। প্রসন্নবদনে মন্দ হেসে পরাবে মহিমালক্ষী ভক্তকণ্ঠে বরমাল্যখানি. করপল্পরশনে শাস্ত হবে সর্ব ছঃখ গ্লানি সর্ব অমঙ্গল। লুটাইয়া রক্তিম চরণতলে ধৌত করি দিব পদ আজন্মের রুদ্ধ অশুজ্ঞলে। স্থুচিরসঞ্চিত আশা সম্মুথে করিয়া উদ্যাটন জীবনের অক্ষমতা কাঁদিয়া করিব নিবেদন, মাগিব অনন্তক্ষমা। হয়তো ঘুচিবে ছঃখনিশা, 40 তৃপ্ত হবে এক প্রেমে জীবনের সর্বপ্রেমতৃষা।

Calcutta

বিদায়

এবার চলিত্ব তবে।
সময় হয়েছে নিকট, এখন
বাঁধন ছি ড়িতে হবে।
উচ্ছল জল করে ছলছল,
জাগিয়া উঠেছে কলকোলাহল,
তরণীপতাকা চলচঞ্চল
কাঁপিছে অধীর রবে।
সময় হয়েছে নিকট, এখন
বাঁধন ছি ডিতে হবে।

আমি নির্চূর, কঠিন কঠোর,
নির্মম আমি আজি।
আর নাই দেরি, ভৈরবভেরী
বাহিরে উঠেছে বাজি।
তুমি ঘুমাইছ নিমীলনয়নে,
কাঁপিয়া উঠিছ বিরহস্বপনে,
প্রভাতে জাগিয়া শৃন্য শয়নে
কাঁদিয়া চাহিয়া রবে।
সময় হয়েছে নিকট, এখন
বাঁধন ছি ড়িতে হবে।

অরুণ তোমার তরুণ অধর,
করুণ তোমার আঁথি,
অমিয়রচন সোহাগবচন
অনেক রয়েছে বাকি।
পাথি উড়ে যাবে সাগরের পার,
সুখময় নাড় পড়ে রবে তার,
মহাকাশ হতে ওই বারে বার
আমারে ডাকিছে সবে।
সময় হয়েছে নিকট, এখন
বাধন ছিঁডিতে হবে।

বিশ্বজ্ঞগৎ আমারে মাগিলে
কে মোর আত্মপর।
আমার বিধাতা আমাতে জ্বাগিলে
কোথায় আমার ঘর।
কিসেরই বা স্থুখ, ক'দিনের প্রাণ।
ওই উঠিয়াছে সংগ্রামগান,
অমর মরণ রক্তচরণ
নাচিছে সগৌরবে।
সময় হয়েছে নিকট, এখন
বাধন ছি'ডিতে হবে।

অশেষ

আবার আহ্বান ?

যত কিছু ছিল কাজ সাঙ্গ তো করেছি আজ দীর্ঘ দিনমান।

জাগায়ে মাধবীবন চলে গেছে বহুক্ষণ প্রভাষ নবীন,

প্রথর পিপাসা হানি পুষ্পের শিশির টানি গেছে মধ্যদিন।

মাঠের পশ্চিমশেষে অপরাহু ম্লান হেসে হল অবসান,

পরপারে উত্তরিতে পা দিয়েছি তরণীতে— আবার আহ্বান গ

নামে সন্ধ্যা ভক্রালসা সোনার-আঁচল-খনা, হাতে দীপশিখা।

দিনের কল্লোল-'পর টানি দিল ঝিল্লিস্বর ঘন যবনিকা।

ও পারের কালো কুলে কালী ঘনাইয়া তুলে নিশার কালিমা,

গাঢ় সে তিমিরতলে চক্ষু কোথা ডুবে চলে নাহি পায় সীমা। নয়নপল্লব-'পরে স্বপ্ন জড়াইয়া ধরে, থেমে যায় গান,

ক্লান্তি টানে অঙ্গ মম · প্রিয়ার মিনতিসম— এখনো আহ্বান ?

রে মোহিনী, রে নিষ্ঠুরা, তরে রক্তলোভাতুরা কঠোর স্বামিনী,

দিন মোর দিন্তু তোরে, শেষে নিতে চাস হরে আমার যামিনী ?

জগতে সবারই আছে সংসারসীমার কাছে কোনোখানে শেষ,

কেন আসে মর্মচ্ছেদি সকল সমাপ্তি ভেদি তোমার আদেশ।

বিশ্বজ্বোড়া অন্ধকার সকলেরই আপনার একেলার স্থান,

কোথা হতে তারো মাঝে বিহ্যতের মতো বাজে তোমার আহ্বান।

দক্ষিণসমূজপারে তোমার প্রাসাদদ্বারে হে জাগ্রত রানী,

বাজে না কি সন্ধ্যাকালে শান্ত স্থরে ক্লান্ত তালে বৈরাগ্যের বাণী। সেথায় কি মূক বনে ঘুমায় না পাখিগণে আঁধার শাখায়।

তারাগুলি হর্ম্যশিরে উঠে না কি ধীরে ধীরে নিঃশব্দ পাখায়।

লতাবিতানের তলে বিছায় না পুষ্পাদলে নিভ্ত শয়ান ?

হে অগ্রাস্ত শান্তিহীন, শেষ হয়ে গেল দিন, এখনো আহ্বান ?

রহিল রহিল তবে আমার আপন সবে, আমার নিরালা,

মোর সন্ধ্যাদীপালোক, পথ-চাওয়া ছটি চোখ, যত্নে-গাঁথা মালা।

খেয়াতরী যাক বয়ে গৃহে-ফেরা লোক লয়ে ও পারের গ্রামে,

তৃতীয়ার ক্ষীণ শশী ধীরে পড়ে যাক খসি কুটিরের বামে।

রাত্রি মোর, শান্তি মোর, রহিল স্বপ্নের ঘোর, স্থুস্লিগ্ধ নির্বাণ—

আবার চলিন্থ ফিরে বহি ক্লান্ত নতশিরে তোমার আহ্বান। বলো তবে কী বাজাব, ফুল দিয়ে কী সাজাব তব দারে আজ,

রক্ত দিয়ে কী লিখিব, প্রাণ দিয়ে কী শিখিব, কী করিব কাজ।

যদি আঁখি পড়ে ঢুলে, শ্লথ হস্ত যদি ভূলে
পূর্ব নিপুণতা,

বক্ষে নাহি পাই বল, চক্ষে যদি আসে জল বেধে যায় কথা,

চেয়ো নাকো ঘূণাভরে, কোরো নাকো অনাদরে মোরে অপমান।

মনে রেখো হে নিদয়ে, মেনেছিত্ব অসময়ে তোমার আহ্বান।

সেবক আমার মতো বয়েছে সহস্র-শত ভোমার হুয়ারে,

তাহারা পেয়েছে ছুটি, বুমায় সকলে জুটি পথের ছু ধারে।

শুধু আমি তোরে সেবি বিদায় পাই নে, দেবী, ডাক' ক্ষণে ক্ষণে:

বেছে নিলে আমারেই, ছরুহ সৌভাগ্য সেই বহি প্রাণপণে। সেই গর্বে জাগি রব সারারাত্রি ছারে তব
অনিজ্রনয়ান,
সেই গর্বে কণ্ঠে মম বহি বরমাল্যসম
ভোমার আহ্বান।

হবে হবে, হবে জয়— হে দেবী, করি নে ভয়, হব আমি জয়ী।

তোমার আহ্বানবাণী সফল করিব, রানী, হে মহিমাময়ী।

কাঁপিবে না ক্লান্ত কর, ভাঙিবে না কণ্ঠস্বর, টুটিবে না বীণা,

নবীন প্রভাত লাগি দীর্ঘ রাত্রি রব জাগি, দীপ নিভিবে না।

কর্মভার নবপ্রাতে নব সেবকের হাতে করি যাব দান,

মোর শেষ কণ্ঠস্বরে যাইব ঘোষণা করে তোমার আহ্বান।

a

সকলে আমার কাছে যত কিছু চায়
সকলেরে আমি তাহা পেরেছি কি দিতে।
আমি কি দিই নি কাঁকি কত জনে হায়,
রেখেছি কত-না ঋণ এই পৃথিবীতে।
আমি তবে কেন বকি সহস্র প্রলাপ,
সকলের কাছে চাই ভিক্ষা কুড়াইতে,
একতিল না পাইলে দিই অভিশাপ,
অমনি কেন রে বসি কাতরে কাঁদিতে।

হা ঈশ্বর, আমি কিছু চাই নাকো আর, ঘুচাও আমার এই ভিক্ষার বাসনা। মাথায় বহিয়া লয়ে চির ঋণভার 'পাই নি' 'পাই নি' বলে আর কাঁদিব না।

তোমারেও মাগিব না, অলস কাঁদনি— আপনারে দিলে তুমি আসিবে আপনি। 4

আঘাতসংঘাত-মাঝে দাঁড়াইনু আসি। অঙ্গদ কুণ্ডল কণ্ডি অলংকাররাশি খূলিয়া ফেলেছি দূরে। দাও হস্তে তুলি নিজ হাতে তোমার অমোঘ শরগুলি, তোমার অক্ষয় তৃণ। অস্ত্রে দীক্ষা দেহো রণগুরু। তোমার প্রবল পিতৃত্বেহ • ধ্বনিয়া উঠুক আজি কঠিন আদেশে।

করো মোরে সম্মানিত নব বীরবেশে,

হরহ কর্তব্যভারে, হুঃসহ কঠোর

বেদনায়। পরাইয়া দাও অঙ্গে মোর

ক্ষতিচিহ্ন-অলংকার। ধন্ম করো দাসে

সফল চেষ্টায় আর নিজ্ফল প্রয়াসে।
ভাবের ললিত ক্রোড়ে না রাখি নিলীন

কর্মক্ষেত্রে করি দাও সক্ষম স্বাধীন।

9

হে রাজেন্দ্র, তোমা-কাছে নত হতে গেলে
যে উপ্নে উঠিতে হয় সেথা বাছ মেলে
লহো ডাকি স্কুর্গম বন্ধুর কঠিন
শৈলপথে— অগ্রসর করো প্রতিদিন
যে মহান্ পথে তব বরপুত্রগণ
গিয়াছেন পদে পদে করিয়া অর্জন
মরণ-অধিক ছঃখ।

ওগো অন্তর্যামী,
অন্তরে যে রহিয়াছে অনির্বাণ আমি
ফুথে তার লব আর দিব পরিচয়।
তারে যেন মান নাহি করে কোনো ভয়।
তারে যেন কোনো লোভ না করে চঞ্চল।
সে যেন জ্ঞানের পথে রহে সমূজ্জ্লন,
জীবনের কর্মে যেন করে জ্যোতি দান,
মৃত্যুর বিশ্রাম যেন করে মহীয়ান।

Ъ

তুমি সর্বাশ্রয়, এ কি শুধু শৃত্যকথা।
ভয় শুধু তোমা'পরে বিশ্বাসহীনতা
হে রাজন্।

লোকভয় ? কেন লোকভয়
লোকপাল। চিরদিবসের পরিচয়
কোন্ লোক-সাথে। রাজভয় কার তরে
হে রাজেন্দ্র। তুমি যার বিরাজ অন্তরে
লভে সে কারার মাঝে ত্রিভূবনময়
তব ক্রোড়, স্বাধীন সে বন্দীশালে। মৃত্যুভয়
কী লাগিয়া হে অমৃত। তু দিনের প্রাণ
লুপ্ত হলে তখনি কি ফুরাইবে দান।
এত প্রাণদৈন্য, প্রভূ, ভাগ্ডারেতে তব ?
সেই অবিশ্বাসে প্রাণ আঁকড়িয়া রব ?

কোথা লোক, কোথা রাজা, কোথা ভয়,কার। তুমি নিত্য আছ, আমি নিত্য সে তোমার।

2

আমারে স্কন করি যে মহাসম্মান
দিয়েছ আপন হস্তে, রহিতে পরান
তার অপমান যেন সহ্য নাহি করি।
যে আলোক জ্বালায়েছ দিবসশর্বরী
তার উর্দ্ধ শিখা যেন সর্ব উচ্চে রাখি,
অনাদর হতে তারে প্রাণ দিয়া ঢাকি।
মোর মনুস্তুত্ব সে যে তোমারি প্রতিমা,
আত্মার মহত্ত্বে মম তোমারি মহিমা
মহেশ্বর।

সেথায় যে পদক্ষেপ করে,
অবমান বহি আনে অবজ্ঞার ভরে,
হোক-না সে মহারাজ বিশ্বমহীতলে
তারে যেন দণ্ড দিই দেবজ্রোহী ব'লে
সর্বশক্তি লয়ে মোর। যাক আর সব,
আপন গৌরবে রাখি তোমার গৌরব।

50

তুমি মোরে অর্পিয়াছ যত অধিকার
ক্ষুণ্ণ না করিয়া কভু কণামাত্র তার
সম্পূর্ণ সঁপিয়া দিব তোমার চরণে
অকুষ্ঠিত রাখি তারে বিপদে মরণে—
জীবন সার্থক হবে তবে।

চিরদিন
জ্ঞান যেন থাকে মুক্ত, শৃঙ্খলবিহীন;
ভক্তি যেন ভয়ে নাহি হয় পদানত
পৃথিবীর কারো কাছে; শুভচেষ্টা যত
কোনো বাধা নাহি মানে কোনো শক্তি হতে;
আত্মা যেন দিবারাত্রি অবারিত স্রোতে
সকল উভ্তম লয়ে ধায় তোমা-পানে
সর্ব বন্ধ টুটি। সদা লেখা থাকে প্রাণে—

তুমি যা দিয়েছ মোরে অধিকারভার তাহা কেড়ে নিতে দিলে অমান্য তোমার।

ত্রাসে লাজে নতশিরে নিত্য নিরবিধি
অপমান অবিচার সহ্য করে যদি
তবে সেই দীনপ্রাণে তব সত্য হায়
দণ্ডে দণ্ডে মান হয়। হুর্বল আত্মায়
তোমারে ধরিতে নারে দৃঢ়নিষ্ঠাভরে;
ক্ষীণপ্রাণ তোমারেও ক্ষুদ্রক্ষীণ করে
আপনার মতো— যত আদেশ তোমার
পড়ে থাকে, আবেশে দিবস কাটে তার।
পুঞ্জ পুঞ্জ মিথ্যা আসি প্রাস করে তারে
চতুর্দিকে; মিথ্যা মুখে, মিথ্যা ব্যবহারে,
মিথ্যা ভিত্তে, মিথ্যা তার মস্তক মাড়ায়ে—
না পারে তাড়াতে তারে উঠিয়া দাঁড়ায়ে।

অপমানে নতশির ভয়ে-ভীত ফিন ফিথ্যারে ছাড়িয়া দেয় তব সিংহাসন।

তোমার স্থায়ের দণ্ড প্রত্যেকের করে
অর্পণ করেছ নিজে। প্রত্যেকের 'পরে
দিয়েছ শাসনভার হে রাজাধিরাজ।
সে গুরু সম্মান তব সে ছুরুহ কাজ
নমিয়া তোমারে যেন শিরোধার্য করি
সবিনয়ে। তব কার্যে যেন নাহি ডরি
কভু কারে।

ক্ষমা যেখা ক্ষীণ ছুৰ্বলতা, হে রুজ, নিষ্ঠুর যেন হতে পারি তথা তোমার আদেশে। যেন রসনায় মম সত্যবাক্য ঝলি উঠে খরখড়াসম তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।

অক্সায় যে করে আর অক্সায় যে সহে তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

আমি ভালোবাসি, দেব, এই বাঙালার দিগন্তপ্রসার ক্ষেত্রে যে শান্তি উদার বিরাজ করিছে নিত্য, মুক্ত নীলাম্বরে অচ্ছায় আলোক গাহে বৈরাগ্যের স্বরে যে ভৈরবীগান, যে মাধুরী একাকিনী নদীর নির্জন তটে বাজায় কিংকিণী তরল কল্লোলরোলে, যে সরল স্নেহ তরুচ্ছায়া-সাথে মিশি স্নিগ্নপল্লিগেছ অঞ্চলে আবরি আছে, যে মোর ভবন আকাশে বাতাসে আর আলোকে মগন সম্যোষে কল্যাণে প্রেমে—

করো আশীর্বাদ

যথনি তোমার দূত আনিবে সংবাদ

তখনি তোমার কার্যে আনন্দিত মনে

সব ছাড়ি যেতে পারি হুঃখে ও মরণে।

এ নদীর কলধ্বনি যেথায় বাজে না
মাতৃকলকণ্ঠসম, যেথায় সাজে না
কোমলা উর্বরা ভূমি নবনবোৎস্বে
নবীনবরনবস্ত্রে যৌবনগৌরবে
বসন্তে শরতে বরষায়, রুদ্ধাকাশ
দিবসরাত্রিরে যেথা করে না প্রকাশ
পূর্ণপ্রস্ফুটিতরূপে, যেথা মাতৃভাষা
চিত্ত-অন্তঃপুরে নাহি করে যাওয়া-আসা
কল্যাণী হৃদয়লক্ষ্মী, যেথা নিশিদিন
কল্পনা ফিরিয়া আসে পরিচয়হীন
পরগৃহদ্বার হতে পথের মাঝারে—

সেথানেও যাই যদি মন যেন পারে সহজে টানিয়া নিতে অস্তহীন স্রোতে তব সদানন্দধারা সর্বঠাই হতে।

আমার সকল অঙ্গে তোমার প্লরশ লগ্ন হয়ে রহিয়াছে রজনীদিবস প্রাণেশ্বর, এই কথা নিত্য মনে আনি রাখিব পবিত্র করি মোর তন্তুখানি।

মনে তুমি বিরাজিছ হে পরমজ্ঞান, এই কথা সদা স্মরি মোর সর্বধ্যান সর্বচিন্তা হতে আমি সর্বচেষ্টা করি সর্বমিথ্যা রাখি দিব দূরে পরিহরি।

হৃদয়ে রয়েছে তব অচল আসন, এই কথা মনে রেখে করিব শাসন সকল কুটিল দ্বেষ, সর্ব অমঙ্গল— প্রেমেরে রাথিব করি প্রস্ফুট নির্মল।

সর্বকর্মে তব শক্তি এই জ্বেনে সার করিব সকল কর্মে তোমারে প্রচার।

অচিন্তা, এ ব্রহ্মাণ্ডের লোকলোকান্তরে
অনন্ত শাসন যাঁর চিরকালতরে
প্রত্যেক অণুর মাঝে হতেছে প্রকাশ,
যুগে যুগে মানবের মহা-ইতিহাস
বহিয়া চলেছে সদা ধরণীর 'পর
যাঁর তর্জনীর ছায়া, সেই মহেশ্বর
আমার চৈতন্ত-মাঝে প্রত্যেক পলকে
করিছেন অধিষ্ঠান; তাঁহারি আলোকে
চক্ষু মোর দৃষ্টিদীপ্ত; তাঁহারি পরশে
অঙ্গ মোর স্পর্শময় প্রাণের হরষে।

যেথা চলি, যেথা রহি, যেথা বাস করি, প্রত্যেক নিশ্বাসে মোর এই কথা শ্মরি আপন মস্তক-'পরে সর্বদা সর্বথা বহিব তাঁহার গর্ব. নিজের নম্রতা।

না গণি মনের ক্ষাত ধনের ক্ষতিতে
হে বরেণ্য, এই বর দেহো মোর চিতে।
যে ঐশ্বর্যে পরিপূর্ণ তোমার ভুবন
এই তৃণভূমি হতে স্থদূর গগন—
যে আলোকে, যে সংগীতে, যে সৌন্দর্যধনে,
তার মূল্য নিত্য যেন থাকে মোর মনে
স্থাধীন সবল শাস্ত সরল সম্ভোষ।

অদৃষ্টেরে কভূ যেন নাহি দিই দোব
কোনো হৃঃখ কোনো ক্ষতি-অভাবের তরে।
বিস্থাদ না জন্মে যেন বিশ্বচরাচরে
ক্ষুত্রখণ্ড হারাইয়া। ধনীর সমাজে
স্থান যদি নাহি হয়, জগতের মাঝে
আমার আসন যেন রহে সর্ব ঠাই।
হে দেব, একান্ত চিত্তে এই বর চাই।

তাঁরি হস্ত হতে নিয়ে। তব গুঃখভার হে গুঃখী, হে দীনহীন। দীনতা তোমার ধরিবে ঐশ্বর্ঘদীপ্তি যদি নত রহে তাঁরি দ্বারে। আর কেহ নহে নহে নহে— তিনি ছাড়া আর কেহ নাই ত্রিসংসারে যার কাছে তব শির লুটাইতে পারে।

পিতৃরপে রয়েছেন তিনি, পিতৃ-মাঝে
নমি তাঁরে। তাঁহারি দক্ষিণ হস্ত রাজে
ভায়দণ্ড-'পরে, নতশিরে লই তুলি
তাহার শাসন। তাঁরি চরণ-অঙ্গুলি
আছে মহত্ত্বের 'পরে, মহতের দ্বারে
ভাপনারে নম্র ক'রে পূজা করি তাঁরে।

তাঁরি হস্তস্পর্শরূপে করি অন্থভব মস্তকে তুলিয়া লই ছঃখের গৌরব।

মুক্ত করো, মুক্ত করো নিন্দাপ্রশংসার ছেশ্ছেত শৃঙ্খল হতে। সে কঠিন ভার যদি খসে যায় তবে মান্তুষের মাঝে সহজে ফিরিব আমি সংসারের কাজে— তোমারি আদেশ শুধু জয়ী হবে নাথ।

তোমার চরণপ্রান্তে করি প্রণিপাত
তব দণ্ড পুরস্কার অন্তরে গোপনে
লইব নীরবে তুলি; নিঃশন্দ গমনে
চলে যাব কর্মক্ষেত্র-মাঝখান দিয়া
বহিয়া অসংখ্য কাজে একনির্চ হিয়া,
সাঁপিয়া অব্যর্থ গতি সহস্র চেষ্টায়
এক নিত্য ভক্তিবলে; নদী যথা ধায়
লক্ষ লোকালয়-মাঝে নানা কর্ম সারি
সমুদ্রের পানে লয়ে বন্ধহীন বারি।

বাসনারে থর্ব করি দাও হে প্রাণেশ।
সে শুধু সংগ্রাম করে লয়ে একলেশ
বৃহতের সাথে। পণ রাখিয়া ানখিল
জিনিয়া নিতে সে চাহে শুধু একতিল।
বাসনার ক্ষুদ্র রাজ্য করি একাকার
দাও মোরে সম্ভোষের মহা-অধিকার।

অযাচিত যে সম্পদ অজস্র আকারে
উষার আলোক হতে নিশার আঁধারে
জলে স্থলে রচিয়াছে অনস্ত বিভব—
সেই সর্বলভ্য স্থুখ অমূল্য হুর্লভ
সব চেয়ে। সে মহা-সহজ স্থুখানি
পূর্বশতদলসম কে দিবে গো আনি
জলস্থল-আকাশের মাঝখান হতে
ভাসাইয়া আপনারে সহজের প্রোতে।

শক্তি মোর অতি অল্প, হে দীনবংসল, আশা মোর অল্প নহে। তব জলস্থল তব জীবলোক-মাঝে যেথা আমি যাই, যেথায় দাঁড়াই আমি সর্বত্রই চাই আমার আপন স্থান। দানপত্রে তব তোমার নিখিলখানি আমি লিখি লব।

আপনারে নিশিদিন আপনি বহিয়া
প্রতিক্ষণে ক্লান্ত আমি। শ্রান্ত সেই হিয়া
তোমার সবার মাঝে করিব স্থাপন
তোমার সবারে করি আমার আপন।
নিজ ক্ষুত্র ছঃখস্থ জলঘটসম
চাপিছে হুর্ভর ভার মস্তকেতে মম—
ভাঙি তাহা ডুব দিব বিশ্বসিন্ধুনীরে,
সহজে বিপুল জল বহি যাবে শিরে।

মারে মাঝে কভূ যবে অবসাদ আসি
অন্তরের আলোক পলকে ফেলে গ্রাসি,
মন্দপদে যবে শ্রান্তি আসে তিল তিল
তোমার পূজার বৃস্ত করে সে শিথিল
অিয়মাণ— তথনো না যেন করি ভয়,
তথনো অটল আশা যেন জেগে রয়
তোমা-পানে।


তোমা-'পরে করিয়া নির্ভর
সে শ্রান্তির রাত্রে যেন সকল অন্তর
নির্ভয়ে অর্পণ করি পথধূলিতলে
নিদ্রারে আহ্বান করি। প্রাণপণ বলে
ক্লান্তচিত্তে নাহি তুলি ক্ষীণ কলরব
তোমার পূজার অতি দরিত্র উৎসব।

রাত্রি এনে দাও তুমি দিবসের চোথে আবার জাগাতে তারে নবীন আলোকে।

তব কাছে এই মোর শেষ নিবেদন— সকল ক্ষীণতা মম করহ ছেদন দূঢ়বলে অস্তরের অস্তর হইতে প্রভু মোর।

বীর্ঘ দেহো স্থথের সহিতে
স্থথেরে কঠিন করি। বীর্ঘ দেহো হুখে,
যাহে হুঃখ আপনারে শান্তস্মিত মুখে
পারে উপেক্ষিতে। ভকতিরে বীর্ঘ দেহো
কর্মে যাহে হয় সে সফল, প্রীতিমেহ
পুণ্যে ওঠে ফুটি। বীর্ঘ দেহো ক্ষুদ্র জনে
না করিতে হীনজ্ঞান, বলের চরণে
না লুটিতে। বীর্ঘ দেহো চিত্তেরে একাকী
প্রত্যহের ভুচ্ছতার উধ্বে দিতে রাখি।

বীর্য দেহো তোমার চরণে পাতি শির অহর্নিশি আপনারে রাখিবারে স্থির।



হে বিশ্বদেব, মোর কাছে তুমি দেখা দিলে আজ কী বেশে। দেখিরু তোমারে পূর্বগগনে, দেখিরু তোমারে স্বদেশে।

ললাট তোমার নীল নভতল
বিমল আলোকে চির-উজ্জ্ল,
নীরব-আশিস্-সম হিমাচল
তব বরাভয় কর—
সাগর তোমার পরশি চরণ
পদধ্লি সদা করিছে হরণ
জাহুবী তব হার-আভরণ

ছলিছে বক্ষ-'পর। বাহিতে, হেরিম আজিত

হৃদয় খুলিয়া চাহিত্র বাহিরে, হেরিত্র আজিকে নিমেষে, মিলে গেছ, ওগো বিশ্বদেবতা, মোর সনাতন স্বদেশে।

শুনিমু তোমার স্তবের মন্ত্র অতীতের তপোবনেতে—

অমর ঋষির হৃদয় ভেদিয়া ধ্বনিতেছে ত্রিভূবনেতে।
প্রভাতে, হে দেব, তরুণ তপনে
দেখা দাও যবে উদয়গগনে
মুখ আপনার ঢাকি আবরণে
হিরণ-কিরণে-গাঁথা—

তখন ভারতে শুনি চারি ভিতে
মিলি কাননের বিহঙ্গগীতে
প্রাচীন নীরৰ কণ্ঠ হইতে
উঠে গায়ত্রীগাথা।
হুদয় খুলিয়া দাঁড়ান্থ বাহিরে, শুনিন্থ আজিকে নিমেৰে,
অতীত হইতে উঠিছে, হে দেব, তব গান মোর স্বদেশে।

নয়ন মূদিয়া শুনিন্তু, জানি না, কোন্ অনাগত বর্ষে
তব মঙ্গলশন্থ তুলিয়া বাজায় ভারত হরষে।

তুবায়ে ধরার রণহুংকার,
ভেদি বণিকের ধনঝংকার,
মহাকাশতলে উঠে ওল্পার
কোনো বাধা নাহি মানি।
ভারতের খেত হুদিশতদলে
দাঁড়ায়ে ভারতী তব পদতলে,
সংগীততানে শৃন্মে উথলে
অপূর্ব মহাবাণী।
নয়ন মুদিয়া ভাবীকাল-পানে চাহিন্ন শুনিন্ন বিমেধে,
তব মঙ্গলবিজ্যুশন্থ বাজিছে আমার স্বদেশে।

আশা

এ জীবনসূর্য যবে অস্তে গেল চলি
হে বঙ্গজননী মোর, "আয় বংস" বলি
খুলি দিলে অন্তঃপুরে প্রবেশগুরার,
ললাটে চুম্বন দিলে; শিয়রে আমার
জালিলে অনন্ত দীপ। ছিল কপ্তে মোর
একথানি কণ্টকিত কুমুমের ডোর
সংগীতের পুরস্কার, তারি ক্ষতজ্ঞালা
গুদয়ে জ্লিতেছিল— তুলি সেই মালা
প্রত্যেক কণ্টক তার নিজ হস্তে বাছি,
ধূলি তার ধুয়ে ফেলি শুল্র মাল্যগাছি
গলায় পরায়ে দিয়ে লইলে বরিয়া
মোরে তব চিরস্তন সন্তান করিয়া।

অশ্রুতে ভরিয়া উঠি খুলিল নয়ন ; সহসা জাগিয়া দেখি— এ শুধু স্বপন।

বঙ্গলক্ষী

তোমার মাঠের মাঝে, তব নদীতীরে, তব আদ্রবনে-ঘেরা সহস্র কুটিরে, দোহনমুখর গোর্চে, ছায়াবটমূলে, গঙ্গার পাষাণঘাটে, দ্বাদশ দেউলে, হে নিত্যকল্যাণী লক্ষ্মী, হে বঙ্গজননী, আপন অজস্র কাজ করিছ আপনি অহর্নিশি হাস্তমূথে।

এ বিশ্বসমাজে তোমার পুত্রের হাত নাহি কোনো কাজে, নাহি জান সে বারতা। তুমি শুধু, মা গো। নিজিত শিয়রে তার নিশিদিন জাগ। নিত্যকর্মে রত শুধু, অয়ি মাতৃভূমি, প্রত্যুবে পূজার ফুল ফুটাইছ তুমি, মধ্যাতে পল্লবাঞ্চল প্রসারিয়া ধরি রৌজ নিবারিছ, যবে আসে বিভাবরী চারি দিক হতে তব যত নদ নদী ঘুম পাড়াবার গান গাহে নিরবধি ঘেরি ক্লান্ত গ্রামগুলি শত বাহু-পাশে। শরং-মধ্যাতে আজি স্বল্প অবকাশে

ক্ষণিক বিরাম দিয়া পুণ্য গৃহকাজে
হিল্লোলিত হৈমন্তিক মঞ্জরীর মাঝে
কপোতকৃজ্ঞনাকুল নিস্তক প্রহরে
বিসিয়া রয়েছ মাতা; প্রফুল্ল অধরে
বাকাহীন প্রসন্মতা; স্নিগ্ধ আঁখিদ্বয়
ধৈর্যশান্ত দৃষ্টিপাতে চতুর্দিক্ময়
ক্ষমাপূর্ণ আশীর্বাদ করে বিকিরণ।
হেরি সেই স্নেহপ্লুত আত্মবিশ্মরণ,
মধুর মঙ্গলচ্ছবি মৌন অবিচল,
নতশির কবি-চক্ষে ভরি আসে জল।

আজি কী তোমার মধুর মূরতি
হেরিমু শারদ প্রভাতে।
হে মাত বঙ্গ, শ্যামল অঙ্গ
ঝলিছে অমল শোভাতে।
পারে না বহিতে নদী জলধার,
মাঠে মাঠে ধান ধরে নাকো আর,
ডাকিছে দোয়েল, গাহিছে কোয়েল
তোমার কাননসভাতে।
মাঝখানে তুমি দাঁড়ায়ে, জননী,
শরংকালের প্রভাতে।

জননী, ডোমার শুভ আহ্বান
গিয়েছে নিখিল ভুবনে—
নূতন ধান্তে হবে নবান্ন
তোমার ভবনে ভবনে—
অবসর আর নাহিকো তোমার,
আঁটি আঁটি ধান চলে ভারে ভার,
গ্রামপথে-পথে গন্ধ তাহার
ভরিয়া উঠিছে পবনে।
জননী, তোমার আহ্বানলিপি
পাঠায়ে দিয়েছ ভুবনে।

তুলি মেঘভার আকাশ তোমার করেছ স্থনীলবরনী,
শিশির ছিটায়ে করেছ শীতল
তোমার শ্যামল ধরণী।
স্থলে জলে আর গগনে গগনে
বাঁশি বাজে যেন মধুর লগনে,
আসে দলে দলে তব ঘারতলে
দিশি দিশি হতে তরণী।
আকাশ করেছ স্থনীল অমল,
স্থিয় শীতল ধরণী।

বহিছে প্রথম শিশিরসমীর
ক্লান্ত শরীর জ্ড়ারে—
কুটিরে কুটিরে নব নব আশা
নবীন জীবন উড়ায়ে।
দিকে দিকে, মাতা, কত আয়োজন—
হাসিভরা-মুখ তব পরিজন
ভাণ্ডারে তব স্থখ নব নব
মুঠা মুঠা লয় কুড়ায়ে।
ছুটেছে সমীর আঁচলে তাহার
নবীন জীবন উড়ায়ে।

আয় আয় আয়, আছ যে যেথায়
আয় তোরা সবে ছুটিয়া—
ভাণ্ডারদার খুলেছে জননী,
অন্ন যেতেছে লুটিয়া।
ও পার হইতে আয় থেয়া দিয়ে,
ও পাড়া হইতে আয় মায়ে ঝিয়ে,
কে কাঁদে কুধায় জননী শুধায়—
আয় তোরা সবে জুটিয়া।
ভাণ্ডারদার খুলেছে জননী,
অন্ন যেতেছে লুটিয়া।

মাতার কণ্ঠে শেফালিমাল্য
গন্ধে ভরিছে অবনী।
জলহারা মেঘ আঁচলে খচিত
শুল্র যেন সে নবনী।
পরেছে কিরীট কনককিরণে,
মধুর মহিমা হরিতে হিরণে,
কুস্থমভূষণজড়িত-চরণে
দাঁড়ায়েছে মোর জননী।
আলোকে শিশিরে কুস্থমে ধাক্যে
হাসিছে নিখিল অবনী।

মাতার আহ্বান

বারেক তোমার হুয়ারে দাঁড়ায়ে
ফুকারিয়া ডাকো, জননী !
প্রান্থরে তব সন্ধ্যা নামিছে,
আঁধারে ঘেরিছে ধরণী ।
ডাকো "চলে আয়— তোরা কোলে আয়",
ডাকো সকরুণ আপন ভাষায় ।
সে বাণী হুদয়ে করুণা জাগায়,
বেজে উঠে শিরা ধমনী—
হেলায় খেলায় যে আছে যেথায়
সচকিয়া উঠে অমনি ।

আমরা প্রভাতে নদী পার হন্ত্ব,
ফিরিন্থ কিসের ছরাশে।
পরের উঞ্চ অঞ্চলে লয়ে
ঢালিন্থ জঠরহুতাশে।
খেয়া বহে নাকো, চাহি ফিরিবারে—
তোমার তরণী পাঠাও এ পারে,
আপনার খেত গ্রামের কিনারে
পড়িয়া রহিল কোথা সে।
বিজন বিরাট শৃন্য সে মাঠ
কাঁদিছে উতলা বাতাসে।

কাঁপিয়া কাঁপিয়া দীপখানি তব
নিব্-নিব্ করে পবনে—
জননী, তাহারে করিয়ো রক্ষা
আপন বক্ষোবসনে।
তুলি ধরো তারে দক্ষিণ করে,
তোমার ললাটে যেন আলো পড়ে—
চিনি দ্র হতে, ফিরে আসি ঘরে
না ভুলে আলেয়া-ছলনে।
এ পারে রুদ্ধ তুয়ার, জননী,
এ পরপুরীর ভবনে।

ভোমার বনের ফুলের গন্ধ
আসিছে সন্ধ্যাসমীরে।
শেষ গান গাহে ভোমার কোকিল
স্থান্বকুঞ্জ-ভিমিরে।
পথে কোনো লোক নাহি আর বাকি,
গহন কাননে জলিছে জোনাকি,
আকুল অঞ্চ ভরি ছই আঁথি
উচ্ছুসি উঠে অধীরে।
"তোরা যে আমার" ডাকো একবার
দাঁড়ায়ে ছুয়ার-বাহিরে।

ভিক্ষায়াং নৈব নৈব চ

যে তোমারে দূরে রাখি নিত্য ঘূণা করে হে মোর স্বদেশ. মোরা তারি কাছে ফিরি সম্মানের তরে পরি তারি বেশ। বিদেশী জানে না তোরে, অনাদরে তাই করে অপমান--মোরা তারি পিছে থাকি যোগ দিতে চাই আপন সন্তান। তোমার যা দৈন্ত, মাতঃ, তাই ভূষা মোর কেন তাহা ভুলি! প্রধনে ধিক গর্ব ! করি করজোড় ভরি ভিক্ষাঝুলি! পুণ্যহস্তে শাক-অন্ন তুলে দাও পাতে, তাই যেন ক্রচে: মোটাবস্ত্র বুনে দাও যদি নিজ হাতে তাহে লজ্জা ঘূচে। সেই সিংহাসন, যদি অঞ্চলটি পাতো-করো স্নেহ দান। যে তোমারে তুচ্ছ করে সে আমারে, মাতঃ,

কী দিবে সম্মান।

<u>শ্লেহগ্রাস</u>

অন্ধ মোহবন্ধ তব দাও মুক্ত করি।
রেখো না বসায়ে দ্বারে জাগ্রত প্রহরী
হে জননী, আপনার স্নেহকারাগারে
সন্তানেরে চিরজন্ম বন্দী রাখিবারে।
বেষ্টন করিয়া তারে আগ্রহপরশে,
জীর্ণ করি দিয়া তারে লালনের রসে,
মন্ত্রয়ত্ব-স্বাধীনতা করিয়া শোষণ
আপন ক্ষ্ধিত চিত্ত করিবে পোষণ ?
দীর্ঘ গর্ভবাস হতে জন্ম দিলে যার
স্নেহগর্ভে গ্রাসিয়া কি রাখিবে আবার ?
চলিবে সে এ সংসারে তব পিছু পিছু ?
সে কি শুধু অংশ তব, আর নহে কিছু ?

নিজের দে, বিশ্বের সে, বিশ্বদেবতার— সস্তান নহে গো মাতঃ, সম্পত্তি তোমার।

বঙ্গমাতা

পুণ্যে পাপে হুঃখে স্বুখে পতনে উত্থানে মানুষ হইতে দাও তোমার সন্তানে। হে স্নেহার্ত বঙ্গভূমি, তব গৃহক্রোড়ে চিরশিশু ক'রে আর রাখিয়ো না ধরে। দেশদেশান্তর-মাঝে যার যেথা স্থান থুঁজিয়া লইতে দাও করিয়া সন্ধান। পদে পদে ছোটো ছোটো নিষেধের ডোরে বেঁধে বেঁধে রাখিয়ে। না ভালো-ছেলে ক'রে। প্রাণ দিয়ে, তুঃখ স'য়ে, আপনার হাতে সংগ্রাম করিতে দাও ভালোমন্দ-সাথে। শীর্ণ শান্ত সাধু তব পুত্রদের ধ'রে দাও সবে গৃহছাড়া লক্ষীছাড়া ক'রে সাত কোটি সন্তানেরে, হে মুগ্ধ জননী, রেখেছ বাঙালি ক'রে, মানুষ করে। নি।

তুই উপমা

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।
সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে
তৃণগুল্ল সেথা নাহি জন্মে কোনোমতে;
যে জাতি চলে না কভু তারি পথ-'পরে
তন্ত্র মন্ত্র সংহিতায় চরণ না সরে।

অভিমান

কারে দিব দোষ, বন্ধু, কারে দিব দোষ।
বৃথা কর আফালন, বৃথা কর রোষ।
যারা শুধু মরে কিন্তু নাহি দেয় প্রাণ,
কেহ কভু তাহাদের করে নি সম্মান।
যতই কাগজে কাঁদি, যত দিই গালি,
কালোমুখে পড়ে তত কলঙ্কের কালি।
যে তোমারে অপমান করে অহর্নিশ
তারি কাছে তারি 'পরে তোমার নালিশ।
নিজের বিচার যদি নাই নিজহাতে,
পদাঘাত থেয়ে যদি না পারো ফিরাতে—
তবে ঘরে নতশিরে চুপ ক'রে থাক্,
সাপ্তাহিকে দিখিদিকে বাজাস্ নে ঢাক।

এক দিকে অসি আর অবজ্ঞা অটল, অন্য দিকে মসী আর শুধু অঞ্জল।

পরবেশ

কে তুমি ফিরিছ পরি প্রভুদের সাজ!
ছদ্মবেশে বাড়ে না কি চতুগুণ লাজ।
পরবস্ত্র অঙ্গে তব হয়ে অধিষ্ঠান
তোমারেই করিছে না নিত্য অপমান?
বলিছে না "ওরে দীন, যত্নে মোরে ধরো,
তোমার চর্মের চেয়ে আমি শ্রেষ্ঠতর ?"
চিত্তে যদি নাহি থাকে আপন সম্মান
পৃষ্ঠে তবে কালো বস্ত্র কলঙ্কনিশান।
ওই তুচ্ছ টুপিখানা চড়ি তব শিরে
ধিকার দিতেছে না কি তব স্বজাতিরে।
বলিতেছে, "যে মস্তক আছে মোর পায়
হীনতা যুচেছে তার আমারি কুপায়।"

সর্বাঙ্গে লাঞ্ছনা বহি একি অহংকার। ওর কাছে জ্বীর্ণ চীর জ্বেনো অলংকার।

তুরন্ত আশা

মর্মে যবে মত্ত আশা সর্পসম কোঁসে
অদৃষ্টের বন্ধনেতে দাপিয়া বৃথা রোষে
তথনো ভালো-মানুষ সেজে বাঁধানো হুঁকা যতনে মেজে
মলিন তাস সজোরে ভেঁজে খেলিতে হবে ক'ষে।
অন্নপায়ী বঙ্গবাসী স্কন্তপায়ী জীব
জন-দশেকে জটলা করি তক্তপোশে বসে।

ভদ্র মোরা, শাস্ত বড়ো, পোষ-মানা এ প্রাণ বোতাম-আঁটা জামার নীচে শাস্তিতে শয়ান। দেখা হলেই মিষ্ট অতি, মুখের ভাব শিষ্ট অতি, অলস দেহ ক্লিষ্টগতি, গৃহের প্রতি টান— তৈলঢালা স্নিগ্ধ তমু নিদ্রার্মে ভরা, মাথায় ছোটো বহরে বড়ো বাঙালি-সস্তান।

ইহার চেয়ে হতেম যদি আরব বেছ্য়িন,
চরণতলে বিশাল মরু দিগস্তে বিলীন।
ছুটেছে ঘোড়া, উড়েছে বালি, জীবনস্রোত আকাশে ঢালি
হুদয়তলে বহ্নি জ্বালি চলেছি নিশিদিন—
বর্শা হাতে, ভরসা প্রাণে, সদাই নিরুদ্দেশ
মরুর ঝড় যেমন বহে সকল বাধাহীন।

বিপদ-মাঝে ঝাঁপায়ে পড়ে শোণিত উঠে ফুটে,
সকল দেহে সকল মনে জীবন জেগে উঠে।
অন্ধকারে, সূর্যালোতে,
সন্তরিয়া মৃত্যুস্রোতে
নৃত্যুময় চিত্ত হতে মত্ত হাসি টুটে।
বিশ্বমাঝে মহান্ যাহা সঙ্গী পরানের,
বাঞ্চামাঝে ধায় সে প্রাণ সিন্ধুমাঝে লুটে।

নিমেষতরে ইচ্ছা করে বিকট উল্লাসে
সকল টুটে যাইতে ছুটে জীবন-উচ্ছাসে।
শৃত্য ব্যোম অপরিমাণ মত্যসম করিতে পান,
মৃক্ত করি রুদ্ধ প্রাণ উর্ধ্ব নীলাকাশে।
থাকিতে নারি ক্ষুদ্রকোণে আত্রবনছায়ে
সুপ্ত হয়ে লুপ্ত হয়ে গুপ্ত গৃহবাসে।

বেহালাখানা বাঁকায়ে ধরি বাজাও ওকি সুর
তবলা বাঁয়া কোলেতে টেনে বাছে ভরপুর।
কাগজ নেড়ে উচ্চস্বরে পোলিটিক্যাল তর্ক করে,
জানলা দিয়ে পশিছে ঘরে বাতাস ঝুরুঝুর।
পানের বাটা, ফুলের মালা, তবলা বাঁয়া ছটো,
দস্তভরা কাগজগুলো করিয়া দাও দূর।

কিসের এত অহংকার, দম্ভ নাহি সাজে।
বরং থাক মৌন হয়ে সসংকোচ লাজে।
অত্যাচারে মত্তপারা কভু কি হও আত্মহারা।
তপ্ত হয়ে রক্তধারা ফুটে কি দেহমাঝে।
অহর্নিশি হেলার হাসি তীব্র অপমান
মর্মতল বিদ্ধ করি বজ্ঞসম বাজে ?

দাস্তস্থথে হাস্তমুখ, বিনীত জ্বোড়কর,
প্রভুর পদে সোহাগমদে দোছল কলেবর।
পাত্বকাতলে পড়িয়া লুটি ঘুণায়-মাথা অন্ন খুঁটি
ব্যগ্র হয়ে ভরিয়া মুঠি যেতেছ ফিরি ঘর।
ঘরেতে ব'সে গর্ব কর পূর্বপুরুষের,
আর্যতেজ্বোদর্পভরে পৃথী থরহর।

হেলায়ে মাথা, দাঁতের আগে মিষ্টহাসি টানি
বলিতে আমি পারিব না তো ভদ্রতার বাণী।
উচ্ছুসিত রক্ত আসি বক্ষতল ফেলিছে গ্রাসি,
প্রকাশহীন চিন্তারাশি করিছে হানাহানি।
কোথাও যদি ছুটিতে পাই বাঁচিয়া যাই তবে
ভব্যতার গণ্ডীমাবে শান্তি নাহি মানি।

নববর্ষের গান

হে ভারত, আজি নবীন বর্ষে শুন এ কবির গান।
তোমার চরণে নবীন হর্ষে এনেছি পূজার দান।
এনেছি মোদের দেহের শকতি,
এনেছি মোদের মনের ভকতি,
এনেছি মোদের ধর্মের মতি,
এনেছি মোদের প্রাণ।
এনেছি মোদের শ্রেষ্ঠ অর্ঘ্য ভোমারে করিতে দান।

কাঞ্চনথালি নাহি আমাদের, অন্ন নাহিকো জুটে।

যা আছে মোদের এনেছি সাজায়ে নবীন পর্ণপুটে

সমারোহে আজ নাই প্রয়োজন—

দীনের এ পূজা দীন আয়োজন,

চিরদারিক্র্য করিব মোচন

চরণের ধূলা লুটে।

স্থুরহুর্লভ তোমার প্রসাদ লইব পর্ণপুটে।

রাজা তুমি নহ, হে মহাতাপস, তুমিই প্রাণের প্রিয়। ভিক্ষাভূবণ ফেলিয়া পরিব তোমারি উত্তরীয়। দৈন্তের মাঝে আছে তব ধন, মৌনের মাঝে রয়েছে গোপন তোমার মন্ত্র অগ্নিবচন—
তাই আমাদের দিয়ো।
পরের সজ্জা ফেলিয়া পরিব তোমার উত্তরীয়।

দাও আসাদের অভয়মন্ত্র, অশোকমন্ত্র তব।
দাও আমাদের অমৃতমন্ত্র, দাও গো জীবন নব।
যে জীবন ছিল তব তপোবনে,
যে জীবন ছিল তব রাজাসনে,
মুক্ত দীপ্ত সে মহাজীবনে
চিক্ত ভরিয়া লব।
মৃত্যুতরণ শক্ষাহরণ দাও সে মন্ত্র তব।



সে যে আমার জননী রে কে এসে যায় ফিরে ফিরে আকুল নয়নের নীরে। কে বৃথা আশাভরে চাহিছে মুখ- 'পরে। সে যে আমার জননী রে। কাহার স্থাময়ী বাণী মিলায় অনাদর মানি। কাহার ভাষা হায় ভুলিতে সবে চায়। সে যে আমার জননী রে। ক্ষণেক স্নেহকোল ছাড়ি চিনিতে আর নাহি পারি আপন সন্তান করিছে অপমান---সে যে আমার জননী রে। বিরল কুটিরে বিষয় কে ব'সে সাজাইয়া অন্ন---সে স্নেহ-উপহার রুচে না মুখে আর। সে যে আমার জননী রে।

জগদীশচন্দ্ৰ বস্থ

বিজ্ঞানলন্দ্রীর প্রিয় পশ্চিমমন্দিরে
দূর সিন্ধৃতীরে,
হে বন্ধু, গিয়েছ তুমি ; জয়মাল্যথানি
সেথা হতে আনি
দীনহীনা জননীর লজ্জানত শিরে
পরায়েছ ধীরে।

বিদেশের মহোজ্জল মহিমামণ্ডিত পণ্ডিতসভায় বহু সাধুবাদধ্বনি নানা কণ্ঠরবে শুনেছ গৌরবে। সে ধ্বনি গন্তীর মন্দ্রে ছায় চারি ধার হয়ে সিন্ধু পার।

আজি মাতা পাঠাইছে— অঞ্চসিক্ত বাণী আশীর্বাদখানি জগৎ-সভার কাছে অখ্যাত অজ্ঞাত কবিকণ্ঠে জ্রাতঃ। সে বাণী পশিবে শুধু তোমারি অন্তরে ক্ষীণমাতৃষ্বরে।

ভারতলক্ষী

অয়ি ভুবনমনোমোহিনী।
অয়ি নির্মলসূর্যকরোজ্জল ধরণী
জনকজননি-জননী।
নীলসিক্জলধোত চরণতল,
অনিলবিকম্পিত শ্রামল অঞ্চল,
অস্বচুস্বিতভাল হিমাচল,
শুলুত্বারকিরীটিনী।

প্রথম প্রভাত উদয় তব গগনে, প্রথম সামরব তব তপোবনে, প্রথম প্রচারিত তব বনভবনে জ্ঞানধর্ম কত কাব্যকাহিনী।

চিরকল্যাণময়ী তুমি ধন্স, দেশবিদেশে বিতরিছ অন্ন, জাহ্নবী যমুনা বিগলিত করুণা পুণ্যপীযুষস্তন্তবাহিনী।

জগদীশচন্দ্র-বহু

ভারতের কোন্ বৃদ্ধ ঋষির তরুণ মূর্তি তুমি হে আৰ্য আচাৰ্য জগদীশ। কী অদৃশ্য তপোভূমি বির্চিলে এ পাষাণ নগরীর শুক্ষ ধূলিতলে। কোথা পেলে সেই শান্তি এ উন্মত্ত জনকোলাহলে যার তলে মগ্ন হয়ে মুহূর্তে বিশ্বের কেন্দ্রমাঝে দাঁড়াইলে একা তুমি— এক যেথা একাকী বিরাজে সূর্যচন্দ্র-পুত্পপত্র-পগুপক্ষী-ধূলায় প্রস্তরে— এক তন্ত্ৰাহীন প্ৰাণ নিত্য যেথা নিজ অঙ্ক-'পরে তুলাইছে চরাচর নিঃশব্দ সংগীতে। মোরা যবে মত্ত ছিমু অতীতের অতিদূর নিক্ষল গৌরবে, পরবস্ত্রে, পরবাক্যে, পরভঙ্গিমার ব্যঙ্গরূপে, কল্লোল করিতেছিত্ব ফীতকণ্ঠে ক্ষুদ্র অন্ধকূপে— তুমি ছিলে কোন্ দূরে। আপনার স্তর ধ্যানাসন কোথায় পাতিয়াছিলে। সংযত গন্তীর করি মন ছিলে রত তপস্থায় অরূপরশ্মির অরেষণে লোকলোকান্তের অস্তরালে — যেথা পূর্বস্বিগণে বহুত্বের সিংহদ্বার উদ্যাটিয়া একের সাক্ষাতে দাঁড়াতেন বাক্যহীন স্তস্তিত বিশ্বিত জ্বোড়হাতে। হে তপস্বী, ডাকো তুমি সামমন্ত্রে জলদগর্জনে, "উত্তিষ্ঠত! নিবোধত!" ডাকো শাস্ত্ৰ-অভিমানী **জনে** পাণ্ডিত্যের পণ্ডতর্ক হতে। স্কুর্হৎ বিশ্বতলে

ডাকো মৃঢ় দান্তিকেরে। ডাক দাও তব শিশ্বদলে—
একত্রে দাঁড়াক তারা তব হোমহুতাগ্নি ঘিরিয়া।
আরবার এ ভারত আপনাতে আসুক ফিরিয়া
নিষ্ঠায়, শ্রদ্ধায়, ধ্যানে— বস্তুক সে অপ্রমন্তচিতে
লোভহীন হন্দ্বহীন শুদ্ধ শাস্ত গুরুর বেদীতে।

তপোবন

মনশ্চক্ষে হেরি যবে ভারত প্রাচীন— পুরব পশ্চিম হতে উত্তর দক্ষিণ, মহারণ্য দেখা দেয় মহাচ্ছায়া লয়ে।

রাজা রাজ্য-অভিমান রাখি লোকালয়ে
অশ্বরথ দূরে বাঁধি যায় নতশিরে
গুরুর মন্ত্রণা লাগি— স্রোতস্বিনীতীরে
মহর্ষি বসিয়া যোগাসনে, শিশুগণ
বিরলে তরুর তলে করে অধ্যয়ন
প্রশান্ত প্রভাতবায়ে, ঋষিক্তাদলে
পেলব যৌবন বাঁধি পরুষ বন্ধলে
আালবালে করিতেছে সলিল সেচন।

প্রবেশিছে বনদারে ত্যজি সিংহাসন মুকুটবিহীন রাজা, পক্কেশজালে, ' ত্যাগের মহিমাজ্যোতি লয়ে শান্ত ভালে।

প্রাচীন ভারত

দিকে দিকে দেখা যায় বিদর্ভ বিরাট
অযোধ্যা পাঞ্চাল কাঞা উদ্ধতললাট
স্পর্ধিছে অম্বরতল অপাঙ্গ-ইঙ্গিতে;
অশ্বের হ্রেষায় আর হস্তীর বৃংহিতে,
অসির ঝঞ্চনা আর ধন্মর টংকারে,
বাণার সংগীত আর নৃপুরঝংকারে,
বন্দীর বন্দনারবে, উৎসব-উচ্ছাসে,
উন্নাদ শান্ধের গর্জে, বিজয়-উল্লাসে,
রথের ঘর্ষরমন্দ্রে, পথের কল্লোলে
নিয়ত ধ্বনিত খ্যাত কর্মকলরোলে।

ব্রাহ্মণের তপোবন অদূরে তাহার নির্বাক্ গস্তীর শান্ত সংযত উদার।

· হেথা মত্ত ক্ষীতকূর্ত ক্ষত্রিয়গরিমা, হোথা স্তব্ধ মহামৌন ব্রাক্ষণমহিমা। এ হুর্ভাগ্য দেশ হতে হে মঙ্গলময়, দূর করে দাও তুমি সর্ব তুচ্ছ ভয়— লোকভয়, রাজভয়, মৃত্যুভয় আর।

দীনপ্রাণ ছর্বলের এ পাষাণভার, এই চিরপেষণযন্ত্রণা, ধূলিতলে এই নিত্য অবনতি, দণ্ডে পলে পলে এই আত্ম-অবমান, অন্তরে বাহিরে এই দাসত্বের রক্জ, ত্রস্ত নতশিরে সহস্রের পদপ্রান্ততলে বারম্বার মনুস্থামর্যাদাগর্ব চিরপরিহার—

এ বৃহৎ লজ্জারাশি চরণ-আঘাতে
চূর্ণ করি দূর করো। মঙ্গলপ্রভাতে
মস্তক তুলিতে দাও অনস্ত আকাশে,
উদার-আলোক-মাঝে, উন্মৃক্ত বাতাসে।

অন্ধকার গর্তে থাকে অন্ধ সরীস্থপ ;
আপনার ললাটের রতনপ্রদীপ
নাহি জ্ঞানে, নাহি জ্ঞানে সূর্যালোকলেশ।
তেমনি আধারে আছে এই অন্ধদেশ,
হে দণ্ডবিধাতা রাজা— যে দীপ্তরতন
পরায়ে দিয়েছ ভালে তাহার যতন
নাহি জ্ঞানে, নাহি জ্ঞানে তোমার আলোক।

নিত্য বহে আপনার অস্তিত্বের শোক,
জনমের গ্রানি। তব আদর্শ মহান্
আপনার পরিমাপে করি খান খান
রেখেছে ধূলিতে। প্রভু, হেরিতে তোমায়
তুলিতে হয় না মাথা উপ্র্বি-পানে হায়।

যে এক তরণী লক্ষ লোকের নির্ভর খণ্ড খণ্ড করি তারে তরিবে সাগর ? ভোমারে শতধা করি ক্ষুদ্র করি দিয়া মাটিতে লুটায় যারা, তৃপ্ত স্থপ্ত হিয়া, সমস্ত ধরণী আজি অবহেলাভরে পা রেখেছে তাহাদের মাথার উপরে।

মনুয়ুত্ব ভূচ্ছ করি যারা সারাবেলা তোমারে লইয়া শুধু করে পূজাথেলা মুগ্ধ ভাবভোগে, সেই বৃদ্ধ শিশুদল সমস্ত বিশ্বের আজি খেলার পুত্তল।

তোমারে আপন-সাথে করিয়া সমান
যে খর্ব বামনগণ করে অবমান
কে তাদের দিবে মান। নিজ্ব মন্ত্রস্বরে
তোমারেই প্রাণ দিতে যারা স্পর্ধা করে
কে তাদের দিবে প্রাণ। তোমারেও যারা
ভাগ করে, কে তাদের দিবে ঐক্যধারা।

তুর্গম পথের প্রান্তে পান্থশালা-'পরে
যাহারা পড়িয়া ছিল ভাবাবেশভরে
রসপানে হতজ্ঞান, যাহারা নিয়ত
রাথে নাই আপনারে উন্নত জাগ্রত—
মুগ্ধ মূঢ় জানে নাই বিশ্বযাত্রীদলে
কখন চলিয়া গেছে স্থদ্র অচলে
বাজায়ে বিজয়শদ্ম। শুধু দীর্ঘ বেলা
তোমারে খেলনা করি করিয়াছে খেলা।

কমেরে করেছে পঙ্গু নিরর্থ আচারে, জ্ঞানেরে করেছে হত শাস্ত্রকারাগারে, আপন কক্ষের মাঝে বৃহৎ ভুবন করেছে সংকীর্ণ কধি দ্বারবাতায়ন—

তারা আজ কাঁদিতেছে। আসিয়াছে নিশা— কোথা যাত্রী, কোথা পথ, কোথায় রে দিশা।

হে সকল ঈশ্বরের পরম-ঈশ্বর,
তপোবন-তরুচ্ছায়ে মেঘমন্দ্রস্বর

 ঘোষণা করিয়াছিল সবার উপরে
অগ্নিতে, জলেতে, এই বিশ্বচরাচরে,
বনম্পতি-ওষধিতে এক দেবতার
অথও অক্ষয় ঐক্য। সে বাক্য উদার
এই ভারতেরই।

যাঁরা সবল স্বাধীন
নির্ভয় সরলপ্রাণ, বন্ধনবিহীন
সদর্পে ফিরিয়াছেন বীর্যজ্যোতিমান্
লব্জিয়া অরণ্য নদী পর্বত পাষাণ,
তাঁরা এক মহান বিপুল সত্যপথে
তোমারে লভিয়াছেন নিখিল জগতে।
কোনোখানে না মানিয়া আত্মার নিষেধ
সবলে সমস্ত বিশ্ব করেছেন ভেদ।

তাঁহারা দেখিয়াছেন— বিশ্বচরাচর
ঝরিছে আনন্দ হতে আনন্দনিঝঁর;
অগ্নির প্রত্যেক শিখা ভয়ে তব কাঁপে,
বায়ুর প্রত্যেক শ্বাস তোমারি প্রতাপে,
তোমারি আদেশ বহি মৃত্যু দিবারাত
চরাচর মর্মরিয়া করে যাতায়াত;
গিরি উঠিয়াছে উধ্বে তোমারি ইন্ধিতে,
নদী ধায় দিকে দিকে তোমারি সংগীতে;
শৃত্যে শৃত্যে চক্রস্থ্ গ্রহতারা যত
অনস্ত প্রাণের মাঝে কাঁপিছে নিয়ত।

তাঁহারা ছিলেন নিত্য এ বিশ্ব-আলয়ে
কেবল তোমারি ভয়ে, ভোমারি নির্ভয়ে—
তোমারি শাসনগর্বে দীপ্তভৃপ্তমুখে
বিশ্বভূবনেশ্বের চক্ষুর সম্মুখে।

আমরা কোথায় আছি, কোথায় স্থদূরে
দীপহীন জীর্ণভিত্তি অবসাদপুরে
ভগ্নগৃহে; সহস্রের ক্রকুটির নীচে
কুজপৃষ্ঠে নতশিরে; সহস্রের পিছে
চলিয়াছি প্রভুত্বের তর্জনীসংকেতে
কটাক্ষে কাঁপিয়া; লইয়াছি শির পেতে
সহস্রশাসনশাত্ত্র।

সংকৃচিতকায়া
কাঁপিতেছে রচি নিজ কল্পনার ছায়া,
সদ্ধ্যার আঁধারে বসি নিরানন্দ ঘরে
দীন-আত্মা মরিতেছে শতলক্ষ ডরে।
পদে পদে বস্তচিত্তে হয়ে লুঠ্যমান
ধূলিতলে, তোমারে যে করি অপ্রমাণ।
যেন মোরা পিতৃহারা ধাই পথে পথে
অনীশ্বর অরাজক ভয়ার্ত জগতে।

একদা এ ভারতের কোন্ বনতলে
কৈ তুমি মহান্-প্রাণ কী আনন্দবলে
উচ্চারি উঠিলে উচ্চে, "শোনো বিশ্বজ্ঞন,
শোনো অমৃতের পুত্র যত দেবগণ
দিব্যধামবাসী, আমি জেনেছি তাঁহারে
মহাস্ত পুরুষ যিনি আধারের পারে
জ্যোতির্ময়; তাঁরে জেনে, তাঁর পানে চাহি
মৃত্যুরে লজ্যিতে পারো, অন্থা পথ নাহি।"

আরবার এ ভারতে কে দিবে গো আনি সে মহা-আনন্দমন্ত্র, সে উদাত্তবাণী সঞ্জীবনী, স্বর্গে মর্তে সেই মৃত্যুঞ্জয় পরম ঘোষণা, সেই একান্ত নির্ভয় অনস্ত অমৃতবার্তা।

রে মৃত ভারত, শুধু সেই এক আছে, নাহি অক্ত পথ।

এ মৃত্যু ছেদিতে হবে, এই ভয়জাল,
এই পুঞ্জপুঞ্জীভূত জড়ের জঞ্জাল,
মৃত আবর্জনা। ওরে, জাগিতেই হবে
এ দীপ্ত প্রভাতকালে, এ জাগ্রত ভবে,
এই কর্মধামে। তুই নেত্র করি আঁধা
জ্ঞানে বাধা, কর্মে বাধা, গতিপথে বাধা,
আঁচারে বিচারে বাধা, করি দিয়া দ্র
ধরিতে হইবে মৃক্ত বিহঙ্গের স্থর
আানন্দে উদার উচ্চ।

সমস্ত তিমির
ভেদ করি দেখিতে হইবে উপ্ব শির
এক পূর্ণ জ্যোতির্ময়ে অনস্ত ভুবনে।
ঘোষণা করিতে হবে অসংশয় মনে—
"ওগো দিব্যধামবাসী দেবগণ যত,
মোরা অমৃতের পুত্র তোমাদের মতো।"

ভব চরণের আশা, ওগো মহারাজ,
ছাড়ি নাই। এত যে হীনতা, এত লাজ,
তবু ছাড়ি নাই আশা। তোমার বিধান
কেমনে কী ইল্রজাল করে যে নির্মাণ
সংগোপনে সবার নয়ন-অন্তরালে
কেহ নাহি জানে। তোমার নির্দিষ্ট কালে
মুহুর্তেই অসম্ভব আসে কোথা হতে
আপনারে ব্যক্ত করি আপন আলোতে
চিরপ্রতীক্ষিত চিরসম্ভবের বেশে।

আছ তুমি অন্তর্যামী, এ লব্জিত দেশে— সবার অজ্ঞাতসারে হৃদয়ে হৃদয়ে গৃহে গৃহে রাত্রিদিন জাগরুক হয়ে তোমার নিগৃঢ় শক্তি করিতেছে কাজ।

আমি ছাড়ি নাই আশা, ওগো মহারাজ।

পতিত ভারতে তুমি কোন্ জাগরণে জাগাইবে, হে মহেশ, কোন্ মহাক্ষণে, সে মোর কল্পনাতীত। কী তাহার কাজ, কী তাহার শক্তি, দেব, কী তাহার সাজ, কোন্ পথ তার পথ, কোন্ মহিমায় দাঁড়াবে সে সম্পদের শিথরসীমায় তোমার মহিমাজ্যোতি করিতে প্রকাশ নবীন প্রভাতে।

আজি নিশার আকাশ যে আদর্শে রচিয়াছে আলোকের মালা, সাজায়েছে আপনার অন্ধকারথালা, ধরিয়াছে ধরিত্রীর মাথার উপর, সে আদর্শ প্রভাতের নহে মহেশ্বর।

জাগিয়া উঠিবে প্রাচী যে অরুণালোকে সে কিরণ নাই আজি নিশীথের চোখে।

শতাব্দীর সূর্য আজি রক্তমেঘমাঝে
অস্ত গেল— হিংসার উৎসবে আজি বাজে
অস্ত্রে অস্ত্রে মরণের উন্মাদরাগিণী
ভয়ংকরী। দয়াহীন সভ্যতানাগিনী
ভূলেছে কুটিল ফণা চক্ষের নিমিষে
গুপ্ত বিষদস্ত তার ভরি তীত্র বিষে।

স্বার্থে স্বার্থে বেধেছে সংঘাত, লোভে লোভে ঘটেছে সংগ্রাম ; প্রলয়মন্থনক্ষোভে ভদ্রবেশী বর্বরতা উঠিয়াছে জাগি পদ্ধশয্যা হতে। লজা শরম তেয়াগি জাতিপ্রেম নাম ধরি প্রচণ্ড অন্যায় ধর্মেরে ভাসাতে চাহে বলের বন্যায়।

কবিদল চীৎকারিছে জাগাইয়া ভীতি শ্মশানকুরুরদের কাড়াকাড়ি-গীতি। **©**5

স্বার্থের সমাপ্তি অপঘাতে। অকস্মাৎ পরিপূর্ণ ক্ষীতিমাঝে দারুণ আঘাত বিদীর্ণ বিকীর্ণ করি চূর্ণ করে তারে কালবক্ষাঝংকারিত হুর্যোগ-জাঁধারে। একের স্পর্ধারে কভু নাহি দেয় স্থান দীর্ঘকাল নিথিলের বিরাট বিধান।

স্বার্থ যত পূর্ণ হয়, লোভক্ষুধানল
তত তার বেড়ে ওঠে; বিশ্বধরাতল
আপনার খাত্য বলি, না করি বিচার,
জঠরে পুরিতে চায়। বীভংস আহার
বীভংস ক্ষুধারে করে নির্দয় নিলাজ।
তখন গর্জিয়া নামে তব রুদ্র বাজ।

ছুটিয়াছে জ্বাতিপ্রেম মৃত্যুর সন্ধানে বাহি স্বার্থতরী গুপ্ত পর্বতের পানে।

এই পশ্চিমের কোণে রক্তরাগরেখা
নহে কভু সৌম্যরশ্মি অরুণের লেখা
তব নব প্রভাতের। এ শুধু দারুণ
সন্ধ্যার প্রলয়দীপ্তি। চিতার আগুন
পশ্চিমসমুদ্রতি করিছে উদগার
বিস্ফুলিঙ্গ, স্বার্থদীপ্ত লুর সভ্যতার
মশাল হইতে লয়ে শেষ অগ্নিকণা।

এই শ্মশানের মাঝে শক্তির সাধনা তব আরাধনা নহে, হে বিশ্ব পালক।

তোমার নিখিলপ্লাবী আনন্দ-আলোক হয়তো লুকায়ে আছে পূর্বসিন্ধৃতীরে বহু ধৈর্যে নম্র স্তব্ধ তৃঃখের তিমিরে সর্বরিক্ত অশ্রুসিক্ত দৈন্সের দীক্ষায় দীর্ঘকাল— ব্রাহ্মমূহুর্তের প্রতীক্ষায়।

সে পরম পরিপূর্ণ প্রভাতের লাগি
হৈ ভারত, সর্বহঃখে রহো তুমি জাগি
সরলনির্মলচিত্ত ; সকল বন্ধনে
আত্মারে স্বাধীন রাখি, পুষ্প ও চন্দনে
আপনার অন্তরের মাহাত্ম্যমন্দির
সজ্জিত স্থান্ধি করি, হঃখনম্রশির
তাঁর পদতলে নিত্য রাখিয়া নীরবে।

তাঁ' হতে বঞ্চিত করে তোমারে এ ভবে এনন কেহই নাই, সেই গর্বভরে সর্ব ভয়ে থাকো তুমি নির্ভয় অন্তরে তাঁর হস্ত হতে লয়ে অক্ষয় সম্মান।

ধরায় হোক-না তব যত নিম্ন স্থান তাঁর পাদপীঠ করো সে আসন তব যাঁর পাদরেণুকণা এ নিাথল ভব।

সে উদার প্রত্যুষের প্রথম অরুণ
যথনি মেলিবে নেত্র, প্রশাস্ত করুণ,
শুল্রশির অল্রভেদী উদয়শিখরে,
হে হুঃথী জাগ্রত দেশ, তব কণ্ঠস্বরে
প্রথম সংগীত তার যেন উঠে বাজি—
প্রথম ঘোষণাধ্বনি।

তুমি থেকো সাজি
চন্দনচর্চিত স্নাত নির্মল ব্রাহ্মণ ;
উচ্চশির উধ্বে তুলি গাহিয়ো বন্দন—
"এসো শান্তি, বিধাতার কন্সা ললাটিকা,
নিশাচর পিশাচের রক্তদীপশিখা
করিয়া লজ্জিত।"

তব বিশাল সম্ভোষ বিশ্বলোক-ঈশ্বরের রত্মরাজ্ঞকোষ। তব ধৈর্ঘ দৈববীর্ঘ; নম্রতা তোমার সমূচ্চ মুকুটশ্রেষ্ঠ, তাঁরি পুরস্কার।

ওরে মৌনমূক, কেন আছিস নীরবে অন্তর করিয়া ক্লন্ধ ? এ মুখর ভবে তোর কোনো কথা নাই রে আনন্দহীন ? কোনো সত্য পড়ে নাই চোখে ? ওরে দীন, কঠে নাই কোনো সংগীতের নব তান ?

তোর গৃহপ্রান্ত চুম্বি সমুদ্র মহান্ গাহিছে অনন্ত গাথা; পশ্চিমে পুরবে কত নদী নিরবধি ধায় কলরবে তরলসংগীতধারা হয়ে মূর্তিমতী।

শুধু তুমি দেখ নাই সে প্রত্যক্ষ জ্যোতি যাহা সত্যে যাহা গীতে আনন্দে আশায় ফুটে উঠে নব নব বিচিত্র ভাষায়। তব সত্য তব গান রুদ্ধ হয়ে রাজে রাত্রিদিন জীর্ণশাস্ত্রে শুঙ্কপত্র-মাঝে।

চিত্ত যেথা ভয়শৃন্তা, উচ্চ যেথা শির,
জ্ঞান যেথা মুক্তা, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী
বস্থধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎস মুখ হতে
উচ্ছুসিয়া উঠে, যেথা নির্বারিত প্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রবিধ চরিতার্থতায়—

যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোভঃপথ ফেলে নাই গ্রাসি,
পৌরুষেরে করে নি শতধা— নিভ্য যেথা
তুমি সর্ব কর্ম-চিন্তা-আনন্দের নেভা—

নিজ হস্তে নির্দয় আঘাত করি, পিতঃ, ভারতেরে সেই স্বর্গে করো জ্বাগরিত।

শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন দেখিতে দেখিতে আজি ঘিরিছে ভূবন। দেশ হতে দেশাস্তরে স্পর্শবিষ তার শান্তিময় পল্লী যত করে ছার্থার।

যে প্রশান্ত সরলতা জ্ঞানে সমূজ্জ্বন,
স্নেহে যাহা রসসিক্ত, সন্তোষে শীতল,
ছিল তাহা ভারতের তপোবনতলে;
বস্তুভারহীন মন সর্ব জলে স্থলে
পরিব্যাপ্ত করি দিত উদার ক্ল্যাণ;
জড়ে জীবে সর্বভূতে অবারিত ধ্যান
পশিত আত্মীয়রূপে।

আজি তাহা নাশি—
চিত্ত যেথা ছিল সেথা এল জব্যরাশি,
তৃপ্তি যেথা ছিল সেথা এল আড়ম্বর,
শান্তি যেথা ছিল সেথা স্বার্থের সমর।

কোরো না, কোরো না লজ্জা, হে ভারতবাসী, শক্তিমদমত্ত ওই বণিক্বিলাসী ধনদৃপ্ত পশ্চিমের কটাক্ষসম্মুখে শুভ্র উত্তরীয় পরি শান্ত সৌম্যমুখে সরল জীবনখানি করিতে বহন।

শুনো না কী বলে তারা; তব শ্রেষ্ঠ ধন থাকুক হৃদয়ে তব, থাক্ তাহা ঘরে, থাক্ তাহা স্থপ্রসন্ন ললাটের 'পরে অদৃশ্য মুকুট তেব।

দেখিতে যা বড়ো,
চক্ষে যাহা স্থপাকার হইয়াছে জড়ো,
তারি কাছে অভিভূত হয়ে বারে বারে
লুটায়ো না আপনায়। স্বাধীন আত্মারে
দারিদ্রোর সিংহাসনে করো প্রতিষ্ঠিত
রিক্ততার অবকাশে পূর্ণ করি চিত।

అప

হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি
ত্যজিতে মৃকুট দণ্ড সিংহাসন ভূমি—
ধরিতে দরিজবেশ। শিখায়েছ বীরে
ধর্মযুদ্ধে পদে পদে ক্ষমিতে অরিরে,
ভূলি জ্বয়পরাজ্ম শর সংহরিতে।
কর্মীরে শিখালে ভূমি যোগযুক্তচিতে
সর্বফলম্পৃহা ব্রন্মে দিতে উপহার।
গৃহীরে শিখালে গৃহ করিতে বিস্তার
প্রতিবেশী আত্মবন্ধু অতিথি অনাথে।

ভোগেরে বেঁধেছ তুমি সংযমের সাথে;
নির্মল বৈরাগ্যে দৈন্য করেছ উজ্জ্বল;
সম্পদেরে পুণ্যকর্মে করেছ মঙ্গল;
শিখায়েছ স্বার্থ ত্যজ্জি সর্ব তুঃখে সুখে
সংসার রাখিতে নিত্য ব্রক্ষের সম্মুখে।

হে ভারত, তব শিক্ষা দিয়েছে যে ধন, বাহিরে তাহার অতি স্বন্ন আয়োজন, দেখিতে দীনের মতো, অন্তরে বিস্তার তাহার ঐশ্বর্য যত।

আজি সভ্যতার
অন্তহীন আড়ম্বরে, উচ্চ আফালনে,
দরিদ্রক্ষধিরপুষ্ট বিলাসলালনে,
অগণ্য চক্রের গর্জে মুখরঘর্ঘর
লোহবাহু দানবের ভীষণ বর্বর
রুদ্র-রক্ত-অগ্নিদীপ্ত পরম স্পর্ধায়
নিঃসংকোচে শান্তচিত্তে কে ধরিবে, হায়,
নীরবগৌরব সেই সৌম্য দীনবেশ
স্থবিরল— নাহি যাহে চিন্তাচেষ্টালেশ।

কে রাখিবে ভরি নিজ্ঞ অন্তর-আগার আত্মার সম্পদ্রাশি মঙ্গল-উদার। অন্তরের দে সম্পদ ফেলেছি হারায়ে।
তাই মোরা লজ্জানত; তাই সর্ব গায়ে
ক্ষুধার্ত হুর্ভর দৈন্ত করিছে দংশন;
তাই আজি ব্রাক্ষণের বিরল বসন
সম্মান বহে না আর; নাহি ধ্যানবল,
শুধু জপমাত্র আছে; শুচিত্ব কেবল
চিত্তহীন অর্থহীন অত্যন্ত আচার;
সন্তোষের অন্তরেতে বীর্ঘ নাহি আর,
কেবল জড়ত্বপুঞ্জ— ধর্ম প্রাণহীন
ভারসম চেপে আছে আড়াই কঠিন।

তাই আজি দলে দলে চাই ছুটিবারে পশ্চিমের পরিত্যক্ত বস্ত্র লুটিবারে লুকাতে প্রাচীন দৈক্য।

বৃথা চেষ্টা ভাই, সব সজ্জা লজ্জা-ভরা চিত্ত যেথা নাই।

হিমালয়

হে নিস্তব্ধ গিরিরাজ, অভ্রভেদী তোমার সংগীত তরঙ্গিয়া চলিয়াছে অনুদাত্ত উদাত্ত স্বরিত প্রভাতের দার হতে সন্ধার পশ্চিমনীড়-পানে তুর্গম-তুর্রাহ পথে কী জানি কী বাণীর সন্ধানে। ছঃসাধ্য উচ্ছাস তব শেষপ্রান্তে উঠি আপনার সহসা মুহূর্তে যেন হারায়ে ফেলেছে কণ্ঠ তার, ভুলিয়া গিয়াছে সব স্থ্র— সামগীত শব্দহারা নিয়ত চাহিয়া শৃত্যে বরষিছে নিঝ রিণীধারা। হে গিরি, যৌবন তব যে হর্দম অগ্নিতাপবেগে আপনারে উৎসারিয়া মরিতে চাহিয়াছিল মেঘে— সে তাপ হারায়ে গেছে, সে প্রচণ্ড গতি অবসান, নিৰুদ্দেশ চেষ্টা তব হয়ে গেছে প্ৰাচীন পাষাণ। পেয়েছ আপন সীমা, তাই আজি মৌনশাস্তহিয়া সীমাবিহীনের মাঝে আপনারে দিয়েছ সঁপিয়া।

কান্তি

ক্ষান্ত করিয়াছ তুমি আপনারে, তাই হেরো, আজি তোমার সর্বাঙ্গ ঘেরি পুলকিছে শ্রাম শস্পরাজি প্রফুটিত পুষ্পজালে ; বনস্পতি শতবরষার আনন্দবর্ষণকাব্য লিখিতেছে পত্রপুঞ্জে তার বৃদ্ধলে শৈবালে জটে ; স্মূহুর্গম ভোমার শিখর নির্ভয় বিহঙ্গ যত গীতোল্লাসে করিছে মুখর। আসি নরনারীদল তোমার বিপুল বক্ষপটে निः मक्ष कृष्टित छालि वाँ धियार निर्वातिगी छ । যেদিন উঠিয়াছিলে অগ্নিতেজে স্পর্ধিতে আকাশ, কম্পমান ভূমণ্ডলে, চন্দ্রসূর্য করিবারে গ্রাস— সেদিন, হে গিরি, তব এক সঙ্গী আছিল প্রলয়; যথনি থেমেছ তুমি, বলিয়াছ "আর নয় নয়", চারি দিক হতে এল তোমা-'পরে আনন্দনিশ্বাস— তোমার সমাপ্তি ঘেরি বিস্তারিল বিশ্বের বিশ্বাস।

শিলালিপি

আজি হেরিতেছি আমি হে হিমাদ্রি, গভীর নির্জনে পাঠকের মতো তুমি বসে আছ অচল আসনে, সনাতন পুঁথিখানি তুলিয়া লয়েছ অঙ্ক-'পরে, পাষাণের পত্রগুলি থুলিয়া গিয়াছে থরে থরে— পড়িতেছ একমনে। ভাঙিল গড়িল কত দেশ, গেল এল কত যুগ--- পড়া তব হইল না শেষ। আলোকের দৃষ্টিপথে এই-যে সহস্র খোলা পাতা ইহাতে কি লেখা আছে ভবভবানীর প্রেমগাথা। নিরাসক্ত নিরাকাজ্ঞ ধ্যানাতীত মহাযোগীশ্বর কেমনে দিলেন ধরা স্থকোমল তুর্বল স্থন্দর বাহুর করুণ আকর্ষণে। কিছু নাহি চাহি যাঁর তিনি কেন চাহিলেন, ভালোবাসিলেন নির্বিকার, পরিলেন পরিণয়পাশ। এই-যে প্রেমের লীলা ইহার কাহিনী বহে, হে শৈল, তোমার যত শিলা ?

হরগোরী

হে হিমাজি, দেবতাত্মা, শৈলে শৈলে আজিও তোমার অভেদাঙ্গ হরগোরী আপনারে যেন বারম্বার শৃঙ্গে শৃঙ্গে বিস্তারিয়া ধরিছেন বিচিত্র মূরতি। ওই হেরি ধ্যানাসনে নিত্যকাল স্তব্ধ পশুপতি, তুর্গম ত্রঃসহ মৌন— জ্বটাপুঞ্জ তুষারুসংঘাত নিঃশব্দে গ্রহণ করে উদয়াস্ত-রবিরশ্মি-পাত পূজাম্বর্ণপদ্মদল। কঠিন প্রস্তরকলেবর মহান্ দরিজ, রিজ, আভরণহীন দিগম্বর, হেরো তাঁরে অঙ্গে অঙ্গে একি লীলা করেছে বেষ্ট্রন— মৌনেরে ঘিরেছে গান, স্তব্ধেরে করেছে আলিঙ্গন সফেনচঞ্চল নৃত্য, বিক্ত কঠিনের ওই চুমে কোমল শ্রামলশোভা নিত্যনব পল্লবে কুস্থুমে ছায়ারোজে মেঘের খেলায়। গিরিশেরে নিত্য ঘিরি পার্বতী মাধুরীচ্ছবি তব শৈলগৃহে হিমগিরি।

তপোমূর্তি

তুমি আছ হিমাচল ভারতের অনন্তসঞ্চিত তপস্থার মতো। স্তব্ধ ভূমানন্দ যেন রোমাঞ্চিত নিবিড় নিগৃঢ়ভাবে পথশৃত্য তোমার নির্জনে, নিঞ্চলক্ষ নীহারের অভ্রভেদী আত্মবিসর্জনে। তোমার সহস্র শৃঙ্গ বাহু তুলি কহিছে নীরবে খাষির আশ্বাসবাণী, "শুন শুন বিশ্বজন সবে, জেনেছি, জেনেছি আমি।" যে ওঙ্কার আনন্দ-আ<mark>লোতে</mark> উঠেছিল ভারতের বিরাট গভীর বক্ষ হতে আদি-অন্ত-বিহীনের অথণ্ড অমৃতলোক-পানে সে আজি উঠিছে বাজি, গিরি, তব বিপুল পাষাণে। একদিন এ ভারতে বনে বনে হোমাগ্নি-আহুতি ভাষাহারা মহাবার্তা প্রকাশিতে করেছে আকৃতি, সেই বহ্নিবাণী আজি অচলপ্রস্তরশিখারূপে শৃঙ্গে শৃঙ্গে কোন্ মন্ত্ৰ উচ্ছাসিছে মেঘধুম্ৰস্তূপে।

সঞ্চিত্ৰাণী

ভারতসমুদ্র তার বাজ্পোচ্ছাস নিশ্বসে গগনে আলোক করিয়া পান, উদাস দক্ষিণসমীরণে, অনির্বচনীয় যেন আনন্দের অব্যক্ত আবেগ উধ্ব বাহু হিমাচল, তুমি সেই উদ্বাহিত মেঘ শিখরে শিখরে তব ছায়াচ্ছন্ন গুহায় গুহায় রাথিছ নিরুদ্ধ করি— পুনর্বার উন্মুক্ত ধারায় নৃতন আনন্দশ্ৰোতে নব প্ৰাণে ফিরাইয়া দিতে অসীমজিজ্ঞাসারত সেই মহাসমুত্রের চিতে। দেইমতো ভারতের হাদয়সমূদ্র এতকাল করিয়াছে উচ্চারণ উর্ক্-পানে যে বাণী বিশাল, অনন্তের জ্যোতিস্পর্লে অনস্তেরে যা দিয়েছে ফিরে, রেখেছ দঞ্চয় করি, হে হিমাদ্রি, তুমি স্তর্জশিরে। তব মৌন শৃঙ্গমাঝে তাই আমি ফিরি অম্বেষণে ভারতের পরিচয় শাস্ত শিব অদ্বৈতের সনে।

যাত্রাসংগীত

আগে চল্ আগে চল্ ভাই।
পড়ে থাকা পিছে মরে থাকা মিছে,
বেঁচে ম'রে কিবা ফল ভাই।
আগে চল্ আগে চল্ ভাই।
প্রতি নিমেষেই যেতেছে সময়,
দিনক্ষণ চেয়ে থাকা কিছু নয়,
"সময় সময়" ক'রে পাঁজিপুঁথি ধ'রে
সময় কোথা পাবি বল্ ভাই।
আগে চল্ আগে চল্ ভাই।

অতীতের শ্বৃতি, তারি স্বপ্ন নিতি,
গভীর ঘুমের আয়োজন—
স্বপনের স্থুখ, স্থুখের ছলনা,
আর নাহি তাহে প্রয়োজন।
ছঃখ আছে কত, বিদ্ন শত শত,
জীবনের পথে সংগ্রাম সতত,
চলিতে হইবে পুরুষের মতে।
ফুদয়ে বহিয়া বল ভাই
আগে চল্ আগে চল্ ভাই।

দেখো যাত্রী যায়, জয়গান গায়,
রাজপথে গলাগলি।

এ আননদস্বরে কে রয়েছে ঘরে,
কোণে করে দলাদলি।

বিপুল এ ধরা, চঞ্চল সময়,
মহাবেগবান মানবহাদয়,
যারা বসে আছে তারা বড়ো নয়,
ছাড়ো ছাড়ো মিছে ছল ভাই।
আগে চল্ আগে চল্ ভাই।

পিছায়ে যে আছে তারে ডেকে নাও,
নিয়ে যাও সাথে করে।
কৈহ নাহি আসে একা চলে যাও
মহত্ত্বের পথ ধ'রে।
পিছু হতে ডাকে মায়ার কাঁদন,
ছিঁড়ে চলে যাও মোহের বাঁধন,
সাধিতে হইবে প্রাণের সাধন—
মিছে নয়নের জল ভাই।
আগে চল্ আগে চল্ ভাই—

চিরদিন আছি ভিখারীর মতো জগতের পথপাশে— যারা চলে যায় কুপাচক্ষে চায়,
পদধুলা উড়ে আসে।
ধূলিশয়া ছাড়ি উঠ উঠ সবে,
মানবের সাথে যোগ দিতে হবে,
তা যদি না পারো চেয়ে দেখো তবে
৬ই আছে রসাতল ভাই।
আগে চল্ আগে চল্ ভাই।

প্রার্থনা 🤅

গান। রাগিণী প্রভাতী এ কী অন্ধকার এ ভারতভূমি, বুঝি পিতা তারে ছেড়ে গেছ তুমি, প্রতি পলে পলে ডুবে রসাতলে কে তারে উদ্ধার করিবে। চারি দিকে চাই, নাহি হেরি গতি— নাহি যে আশ্রয়, অসহায় অতি— আজি এ আঁধারে বিপদ্পাথারে কাহার চরণ ধরিবে। তুমি চাও পিতা, ঘুচাও এ ছুখ, অভাগা দেশেরে হোয়ো না বিমুখ্, নহিলে আঁধারে বিপদ্পাথারে কাহার চরণ ধরিবে। দেখো চেয়ে, তব সহস্ৰ সন্তান লাজে নতশির, ভয়ে কম্পমান, কাঁদিছে সহিছে শত অপমান, লাজ মান আর থাকে না। হীনতা লয়েছে মাথায় তুলিয়া, তোমারেও তাই গিয়াছে ভুলিয়া, অভয়মন্ত্রে মুক্ত হাদয়ে তোমারেও তারা ডাকে না।

তুমি চাও পিতা, তুমি চাও চাও, এ হীনতা পাপ এ হঃখ ঘুচাও, ললাটের কলন্ধ মুছাও মুছাও, নহিলে এ দেশ থাকে না। তুমি যবে ছিলে এ পুণ্য ভবনে কী সৌরভস্থা বহিত প্রনে, কী আনন্দগান উঠিত গগনে, কী প্ৰতিভাজ্যোতি ঝলিত। ভারত-অরণ্যে ঋষিদের গান অনন্তসদনে করিত প্রয়াণ, তোমারে চাহিয়া পুণ্যপথ দিয়া সকলে মিলিয়া চলিত। আজি কী হয়েছে— চাও, পিতা, চাও, এ তাপ এ পাপ এ হুঃখ যুচাও, মোরা তো রয়েছি তোমারি সস্তান

যদিও হয়েছি পতিত।

গান

মিলেছি আজ মায়ের ডাকে। আমর ঘরের হয়ে পরের মতন ভাই ছেড়ে ভাই ক'দিন থাকে। প্রাণের মাঝে থেকে থেকে 'আয়' বলে ওই ডেকেছে কে। গভীর স্বরে উদাস করে, আর কে কারে ধরে রাখে। যেথায় থাকি যে যেখানে বাঁধন আছে প্রাণে প্রাণে, প্রাণের টানে টেনে আনে, প্রাণের বেদন জ্বানে না কে। মান অপমান গেছে ঘুচে, নয়নের জল গেছে মুছে, নবীন আশে হৃদয় ভাসে ভাইয়ের পাশে ভাইকে দেখে। কত দিনের সাধন-ফলে মিলেছি আজ দলে দলে ঘরের ছেলে সবাই মিলে দেখা দিয়ে আয় রে মাকে।

গান

একবার তোরা 'মা' বলিয়া ডাক্ জগতজনের শ্রবণ জুড়াক,

হিমাজিপাষাণ কেঁদে গলে যাক, মুখ তুলে আজি চাহো রে।
দাঁড়া দেখি তোরা আত্মপর ভূলি,
ফদয়ে হৃদয়ে ছুট্ক বিজুলি,

প্রভাতগগনে কোটি শির তুলি নির্ভয়ে আজি গাহো রে। বিশ কোটি কঠে 'মা' বলে ডাকিলে রোমাঞ্চ উঠিবে অনস্ত নিখিলে,

বিশ কোটি ছেলে মায়েরে ঘেরিলে দশ দিক স্থথে হাসিবে।
সেদিন প্রভাতে নৃতন তপন
নৃতন জীবন করিবে বপন—

এ নহে কাহিনী, এ নহে স্বপন— আসিবে সেদিন আসিবে।
আপনার মায়ে 'মা' বলে ডাকিলে,
আপনার ভায়ে হৃদয়ে রাখিলে,

সব পাপ তাপ দূরে যায় চলে পুণ্য প্রেমের বাতাসে। সেথায় বিরাজে দেব-আশীর্বাদ, না থাকে কলহ, না থাকে বিষাদ,

ঘুচে অপমান, জেগে ওঠে প্রাণ, বিমল প্রতিভা বিকাশে।

গান

জননীর দ্বারে আজি ওই শুন গো শল্প বাজে।
থেকো না, থেকো না, ওরে ভাই, মগন মিথ্যা কাজে।
অর্ঘ্য ভরিয়া আনি ধরো গো পৃজার থালি,
রতনপ্রদীপথানি যতনে আনো গো জালি,
ভরি লয়ে ছই পাণি বহি আনো ফুলডালি,
মা'র আহ্বানবাণী রটাও ভুবনমাঝে।
জননীর দ্বারে আজি ওই শুন গো শল্প বাজে।

আজি প্রসন্ন পবনে নবীন জীবন ছুটিছে।
আজি প্রফুল কুসুমে নব সুগন্ধ উঠিছে।
আজি উজ্জল ভালে তোলো উন্নত মাথা,
নব সংগীত-তালে গাও গন্তীর গাথা,
পরো মাল্য কপালে নবপল্লব-গাঁথা,
শুভ সুন্দর কালে সাজো সাজো নব সাজে।
জননীর দ্বারে আজি ওই শুন গো শুন্ধ বাজে।

নববর্ষের দীক্ষা

নব বংসরে করিলাম পণ লব স্বদেশের দীক্ষা—
তব আশ্রমে, তোমার চরণে হে ভারত, লব শিক্ষা।
পরের ভূষণ, পরের বসন,
তেয়াগিব আজ পরের অশন,
যদি হই দীন না হইব হীন, ছাড়িব পরের ভিক্ষা।
নব বংসরে করিলাম পণ লব স্বদেশের দীক্ষা।


না থাকে প্রাসাদ, আছে তো কৃটির কল্যাণে স্থপবিত্র।
না থাকে নগর, আছে তব বন ফলে ফুলে স্থবিচিত্র।
তোমা হতে যত দূরে গেছি সরে
তোমারে দেখেছি তত ছোটো করে,
কাছে দেখি আজ, হে হৃদয়রাজ, তুমি পুরাতন মিত্র।
হে তাপস, তব পর্ণকৃটির কল্যাণে স্থপবিত্র।

পরের বাক্যে তব পর হয়ে দিয়েছি পেয়েছি লজ্জা।
তোমারে ভুলিতে ফিরায়েছি মুখ, পরেছি পরের সজ্জা।
কিছু নাহি গণি কিছু নাহি কহি
জপিছে মন্ত্র অস্তরে রহি,
তব সনাতন ধ্যানের আসন মোদের অস্থিমজ্জা।
পরের বুলিতে তোমারে ভুলিতে দিয়েছি পেয়েছি লজ্জা।

সে-সকল লাজ তেয়াগিব আজ, লইব তোমার দীক্ষা।
তব পদতলে বসিয়া বিরলে শিথিব তোমার শিক্ষা।
তোমার ধর্ম, তোমার কর্ম,
তব মন্ত্রের গভীর মর্ম
লইব তুলিয়া সকল ভুলিয়া ছাড়িয়া পরের ভিক্ষা।
তব গৌরবে গরব মানিব, লইব তোমার দীক্ষা।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা-পর্যং কর্তৃক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের একাদশ শ্রেণীর জন্ম ক্রতপাঠ্যরূপে নির্বাচিত







মূল্য ২'০০ টাকা